

কোটি কোটি টাকার ঈদ সালামি অফার
minister
Voice Control Smart Tv
নিশ্চিত ক্যাশ ভাউচার ও পণ্য ফ্রি!
58MG8000P ৭১,৯৩৫
৳৬৬,৯০০
বিস্তারিতঃ ০৯৬০৬ ৭০০৭০০
*শর্ত প্রযোজ্য



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com



কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700



সোমবার | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৫৮ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ০৫ আষাঢ় ১৪৩০ ॥ ২৯ জিলক্বদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ১৯ জুন ২০২৩




## দেশের শীর্ষ মাদক কারবারিদের নাম-ঠিকানা দাখিলে হাইকোর্টের নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক :** দেশের শীর্ষ মাদক কারবারিদের নাম ও ঠিকানা আদালতে দাখিল করতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

এক সম্পূরক আবেদনের শুনানি নিয়ে বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি খিজির হায়াতের সমন্বয়ে গঠিত একটি হাইকোর্ট ডিভিশন বেঞ্চ আজ এ আদেশ দেন। আদেশ পাওয়ার এক মাসের মধ্যে এই তালিকা দাখিল করতে বলা হয়েছে।

মাদক কারবারের জেরে দেশ থেকে বছরে পাঁচ হাজার কোটি টাকা পাচারের অভিযোগ অনুসন্ধানের নির্দেশনা চেয়ে ১৩ জুন একটি আবেদন করেন সুপ্রিমকোর্টের আইনজীবী সুবীর নন্দী দাস।

গতকাল আদালতে রিটের পক্ষে তিনি ২-এর পাতায় দেখুন

## মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল অংশের উদ্বোধন অক্টোবরে




**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী অক্টোবরে মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল অংশ পর্যন্ত উদ্বোধন করবেন বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল রোববার সকালে রাজধানীর বঙ্গবন্ধু ২-এর পাতায় দেখুন

## প্রধানমন্ত্রীকে হুমকির বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে বিএনপি প্রমাণ করেছে এ বক্তব্য তাদের



**নিজস্ব প্রতিবেদক :** তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, সিরাজগঞ্জে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হুমকি দেওয়ার বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে বিএনপি প্রমাণ করেছে এটা তাদেরই ২-এর পাতায় দেখুন

## আমরা বিদেশিদের কাছে যাই না, তারাই আসেন



**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আমরা বিদেশিদের কাছে যাই না, বিদেশিরাই আমাদের কাছে আসেন। তারা জানতে চান- দেশ কীভাবে চলছে? তোমরা (বিএনপি) কী বলতে চাও? গতকাল ২-এর পাতায় দেখুন

### ২১ জুন নরেন্দ্র মোদি যে বার্তা নিয়ে যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন

# ভারত মনে করে এই মুহূর্তে বাংলাদেশে আওয়ামী লীগ ও শেখ হাসিনার বিকল্প নেই

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ নিয়ে এখন বিশ্ব রাজনীতিতে নানামুখী তৎপরতা চলছে। মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশে আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নানামুখী চাপ প্রদান করছে। বাংলাদেশে আগামী জাতীয় সংসদ নির্বাচন যাতে অংশগ্রহণমূলক হয় তা নিশ্চিত করার জন্য যুক্তরাষ্ট্র একের পর এক বিভিন্ন প্রস্তাব এবং সুপারিস দিচ্ছে। তাদের সর্বশেষ অবস্থান হল নতুন ভিসানীতি ঘোষণা করা। নতুন ভিসানীতিকে প্রথমে আওয়ামী লীগ স্বাগত জানালেও এখন আওয়ামী লীগ এই ভিসানীতির বিরুদ্ধে পরোক্ষভাবে কথা বলছে। এরকম পরিস্থিতিতে আগামী ২১ জুন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মার্কিন যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন। সেখানে মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে ২২ জুন তার একান্ত বৈঠক হবার কথা আছে। এছাড়াও ভারতের প্রধানমন্ত্রী মার্কিন কংগ্রেসে ভাষণ দেবেন। এই সময় তিনি





বাংলাদেশের বিষয়টি নিয়েও কথা বলবেন বলে ভারতীয় গণমাধ্যম নিশ্চিত করেছে।

নরেন্দ্র মোদি বা ভারতের অবস্থান বাংলাদেশ নিয়ে কি? ভারতের থিংকট্যাংকরা বলছেন বাংলাদেশ নিয়ে ভারতের অবস্থান তিনটি।

প্রথমত, বাংলাদেশের বর্তমান সরকারের নানা ত্রুটি বিচ্যুতির পরও এই সরকার এখনো অসাম্প্রদায়িক চদেতনা লালন করে এবং একটি ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র হিসেবে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাচ্ছে। যদি শেখ হাসিনা ক্ষমতায় না থাকে তাহলে বাংলাদেশ আরেকটি আফগানিস্তানে পরিণত হবে। ভারতের থিংকট্যাংকরা মনে করেন বাংলাদেশে মৌলবাদ, উগ্র সন্ত্রাসীগোষ্ঠী এখনও সক্রিয় রয়েছে এবং বিভিন্ন রাজনৈতিক দল তাদের নানা রকম মদদ এবং পৃষ্ঠপোষকতা দিচ্ছে। এমনকি বিএনপি'র ২-এর পাতায় দেখুন

## আজ জানা যাবে ঈদুল আজহা কবে

**নিজস্ব প্রতিবেদক :** পবিত্র ঈদুল আজহা বা কোরবানির ঈদ কবে, তা জানা যাবে আজ সোমবার (১৯ জুন) সন্ধ্যায়। এদিন সন্ধ্যা সোয়া ৭টায় (বাদ মাগরিব) ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় ১৪৪৪ হিজরি সনের জিলহজ মাসের চাঁদ দেখা এবং পবিত্র ঈদুল আজহার তারিখ নির্ধারণ করা হবে। গতকাল রোববার ইসলামিক ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বাংলাদেশের আকাশে কোথাও জিলহজ মাসের চাঁদ দেখা গেলে তা ০২-২২৩৩৮১৭২৫, ০২-৪১০৫০৯১২, ০২-৪১০৫০৯১৬ ও ০২-৪১০৫০৯১৭ টেলিফোন এবং ০২-২২৩৩৮৩৩৯৭ ও ০২-৯৫৫৫৯৫১ ২-এর পাতায় দেখুন

## সাংবাদিক নাদিম হত্যা মামলার ৯ আসামি রিমান্ডে

**নিজস্ব প্রতিবেদক :** জামালপুরে বকশীগঞ্জ সাংবাদিক নাদিম হত্যা মামলার গ্রেপ্তারকৃত ১৩ আসামির মধ্যে ৯ জনকে ৪ দিন ও ৩ দিন করে রিমান্ড দিয়েছেন আদালত। রোববার (১৮ জুন) দুপুর সাড়ে ১২টা দিকে জামালপুর চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে বিচারক তানভীর আহমেদ ৯ জনের রিমান্ড মঞ্জুর করেন।

৯ জনকে গতকাল শনিবার বিকেলে আদালতে তোলা হয়েছিল। আজ রোববার তাদের শুনানি হয়।

এতে সুমন (৪৩), মিলন (২৫), তোফাজ্জল (৪০) ও আইনাল হক (৫৫) এই ৪ জনকে ৪ দিন করে এবং কফিল উদ্দিন (৫৫), ফজলু মিয়া (৩৫), শহিদ (৪০), মকবুল (৪০), ২-এর পাতায় দেখুন

## কারো খবরদারির কাছে নতজানু হবে না বাংলাদেশ : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্বাধীন সার্বভৌম দেশ আমাদের, স্বাধীন জাতি আমরা। যুদ্ধে বিজয় অর্জন করে আমরা আমাদের দেশ পেয়েছি। কারো খবরদারির কাছে নতজানু হব না। এটাই আমাদের সিদ্ধান্ত।



গতকাল রোববার স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) ৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে এ কথা বলেন প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ অন্য কারো ব্যাপারে হস্তক্ষেপে আগ্রহী না। তাই অভ্যন্তরীণ বিষয়ে কেউ হস্তক্ষেপ করুক তা চায় না ঢাকা।

সরকারপ্রধান বলেন, বিশ্বে সবার সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের নীতি অনুরসরণ করে চলেছে সরকার। দেশের উন্নয়নে যা প্রয়োজন তার সবই করা হচ্ছে। প্রযুক্তি ব্যবহার করে কেউ যাতে দেশের ক্ষতি করতে না পারে সে বিষয়ে এসএসএফ সদস্যদের সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

শেখ হাসিনা বলেন, দেশের আর্থ সামাজিক উন্নতির পাশাপাশি ২-এর পাতায় দেখুন

## মার্কিন যুক্তরাষ্ট্রের বিপথগামী উদ্যোগ

**আন্তর্জাতিক ডেস্ক :** গত ১৬ জুন জনপ্রিয় ভারতীয় পত্রিকা মিলেনিয়াম পোস্টে 'মার্কিন যুক্তরাষ্ট্রের বিপথগামী উদ্যোগ' শিরোনামে একটি মতামত লিখেন ভারতীয় সাংবাদিক এবিএম নাসির। বাংলাদেশের সাথে প্রাসঙ্গিক বিবেচনা করে লিখাটির চম্বুক অংশ অনুবাদ করে পাঠকদের জন্য তুলে ধরা হলো।



মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন গত ২৪ মে টুইটারের মাধ্যমে বাংলাদেশের জন্য একটি নতুন ভিসানীতি ঘোষণা করেন। নতুন ভিসানীতিতে যারা বাংলাদেশে গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়াকে ক্ষুন্ন করার জন্য দায়ী বা জড়িত থাকবে তাদের উপর মার্কিন ভিসা বিধিনিষেধ প্রয়োগ করা হবে।

এই নতুন ভিসানীতিটি খুবই আকস্মিক এবং দিকনির্দেশনা হীন। কারণ মার্কিন যুক্তরাষ্ট্রের মনোভাব অনেকটা "আপনি হয় আমাদের সাথে না আমাদের বিরুদ্ধে..."। এরকম দ্বিধা ও সন্দেহের উপর ভিত্তি করে দেয়া এই নতুন ভিসানীতি বাংলাদেশের মত একটি মুসলিম প্রধান এবং প্রথাগত উদার গণতন্ত্রের দেশে তথাকথিত সুষ্ঠু নির্বাচন অর্জনের লক্ষ্যে অস্থায়ী সমাধান মাত্র।

বেশ কয়েকটি কারণেই এই মার্কিন নীতি আকস্মিক এবং লক্ষ্যহীন।

প্রথমত, মার্কিন যুক্তরাষ্ট্র যখন এমন দ্বিধা ও সন্দেহের মধ্যে থাকে তখন আফগানিস্তান এবং ইরাকের মতই অপমানজনক পশ্চাদপসরণের ২-এর পাতায় দেখুন

## অধ্যক্ষ বাদশা আলম ও চেয়ারম্যান সাবু'র মায়ের ইন্তেকাল, এমপি আব্দুল হাই'র শোক

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ কলেজের অধ্যক্ষ বাদশা আলম, দুধসর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম সারোয়ার ও দুধসর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহাবুদ্দিন সাবু'র মা মনোয়ারা খাতুন ইন্তেকাল করেছেন।

(ইন্নালিল্লাহি...রাজেউন)। রোববার বিকাল ৫ টায় বার্ধক্যজনিত কারণে নিজ বাড়িতে তিনি ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৮২ বছর। মনোয়ারা খাতুন ৫ ছেলে ৪ মেয়েসহ গুণগ্রাহী রেখে গেছেন।

মনোয়ারা খাতুনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে জেলা প্রশাসকের সাথে টেলিভিশন সাংবাদিক ফোরামের মতবিনিময়

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের পরিচিতি ও মতবিনিময় সভা আনুষ্ঠিত হয়েছে। বিকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ঝিনাইদহ জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলামের সাথে টেলিভিশন সাংবাদিক ফোরামের নবগঠিত কমিটির পরিচিতি ও মতবিনিময় সভা আনুষ্ঠিত হয়।



এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) রথীন্দ্রনাথ রায় , অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রাজিবুল ইসলাম খান। এছাড়া বক্তব্য রাখেন ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের সভাপতি শিপলু জামান, সহ-সভাপতি ফয়সাল আহমেদ, সাধারণ সম্পাদক রাজিব হাসান, যুগ্ম-সম্পাদক এম রবিউল ইসলাম রবি, সাংগঠনিক সম্পাদক সাদ্দাম হোসেন, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে অপচিকিৎসায় রোগীর মৃত্যু, ৫০ হাজার টাকা জরিমানা



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জে ভুল চিকিৎসায় মরিয়ম খাতুন (২৯) নামে দুই সন্তানের জননীর মৃত্যুর অভিযাগ উঠেছে। মরিয়ম খাতুন উপজেলার কমলাপুর গ্রামের ইব্রাহীম মন্ডলের মেয়ে। মরিয়ম খাতুনের রাব্বি হাসান (১০) ও দেড় বছর বয়সী রাফি হোসেন নামে দুটি সন্তান রয়েছে।

এদিকে, এ খবর জানাজানি হওয়ার পর রোববার সকালে ফাতেমা প্রাঃ হাসপাতালে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ৫০ হাজার টাকা জরিমানা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে প্রেসক্লাবে এমপি আব্দুল হাই'র ২টি এসি উপহার

**নিজস্ব প্রতিবেদক :** ঐহিত্যবাহী ঝিনাইদহ প্রেসক্লাবে সাংবাদিকদের ২ টি এসি উপহার দিয়েছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই। রোববার বিকেলে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানকে দুবাই তৈরী জেনারেল কোম্পানীর এসি বুঝে দেওয়া হয়। আব্দুল হাই এমপি'র পক্ষে জেলা আওয়ামী লীগের সাবেক দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদ এসি বুঝে দেন।এ ব্যাপারে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান বলেন, স্বাধীন বাংলাদেশের ঝিনাইদহের প্রথম পতাকা উত্তোলনকারী আব্দুল হাই এমপি সবসময়'ই সাংবাদিকদের পাশে থেকেছেন। বিগত দিনে সাংবাদিকদের নানা উপকার করেছেন তিনি। সম্প্রতি ঝিনাইদহ প্রেসক্লাবে একটি অনুষ্ঠানে এসে তিনি এসি উপহারের আশ্বাস দিয়েছেন। সেই আশ্বাস তিনি আজ পুরণ করলেন। তিনি কোন আশ্বাস দিলে তা পুরণ করেন। তীব্র তাপদাহ আর গরমের কারণে প্রেসক্লাবে সাংবাদিকদের বসা কস্টকর হয়ে যাচ্ছিলো। প্রেসক্লাবের সাংবাদিকদের এমন কষ্টের কথা ভেবে তিনি ২ টি এসি দিলেন। এজন্য ঝিনাইদহ প্রেসক্লাবের সাংবাদিকরা তার প্রতি কৃতজ্ঞ।





## হরিণাকুন্ডুতে বঙ্গবন্ধু-বঙ্গমাতা অনুর্ধ্ব-১৭ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

**আবু সাইদ, হরিণাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডুতে বঙ্গবন্ধু-বঙ্গমাতা অনুর্ধ্ব-১৭ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। প্রিয়নাথ স্কুল এন্ড কলেজ মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলায় হরিণাকুন্ডু পৌরসভা ২-০ গোলে তাহেরহুদা ইউনিয়নকে পরাজিত করে চ্যাম্পিয়ান হয়। খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরুস্কার বিতরন করা ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গায় আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে এমপি ছেলুন জোয়ার্দ্দারের মতবিনিময়

**আলমডাঙ্গা প্রতিনিধি :** আলমডাঙ্গা দলীয় নেতাকর্মিদের সাথে মতবিনিময় করলেন চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। রেবাবার দলীয় কার্যালয়ে আওয়ামীলীগের প্রতিষ্টা বার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সংগ্রামী সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপি। এসময় আরো উপস্থিত ছিলেন সাবেক জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি এ্যাড আব্দুর রশিদ, জেলা সাবেক সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশক বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম, সিরাজুল ইসলাম,কাজী অরুন,নুরুল ইসলাম, ২-এর পাতায় দেখুন


বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।


## প্রতিবন্ধি পরিবারের বসতবাড়ি ভেঙ্গে মসজিদ নির্মাণে ডিসির উদ্যোগ

### প্রধানমন্ত্রী হস্তক্ষেপ কামনা করে আবেদন

**মেহেরপুর প্রতিনিধি :** দরিদ্র ভূমিহীন প্রতিবন্ধি পরিবারের একমাত্র মাথা গোঁজার ঠাঁই বসতবাড়ি ভেঙ্গে সরকারী মসজিদ নির্মাণের লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসক কর্তৃক জমি অধিগ্রহণের অপচেষ্টার বিরুদ্ধে প্রধানমন্ত্রী বরাবর আবেদন জানিয়েছেন মেহেরপুরের মুজিবনগরের মেরিনা খাতুন নামের এক বৃদ্ধা। মেরিনা খাতুন তার



আবেদনে যা বলেন, সব ধর্মে যেখানে ঘরভাঙ্গা আর মসজিদ ভাঙ্গা ঘটনাকে সমান কথা বলা হয়ে থাকে-সেখানে মেহেরপুর জেলা প্রশাসক আজিজুল ইসলাম আমাদের একমাত্র বসতভিটা ভেঙ্গে সরকারী মসজিদ করতে মরিয়া হয়ে উঠেছেন। প্রতিবন্ধি ভূমিহীন পরিবারের কোন আকুতি মিনতি ও যৌক্তিকতা ২-এর পাতায় দেখুন




## সাংবাদিক নাদিম হত্যার প্রতিবাদে কোটচাঁদপুরে সাংবাদিকদের মানববন্ধন

**কোটচাঁদপুর প্রতিনিধি :** সাংবাদিক গোলাম রব্বানী নাদিম হত্যার প্রতিবাদে কোটচাঁদপুরে সাংবাদিকদের বিশাল মানববন্ধন হয়েচে। রোববার কোটচাঁদপুর পায়রা চত্বরে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। কোটচাঁদপুর উপজেলার সিনিয়র সাংবাদিক মোঃ কামাল হাওলাদার এর সভাপতিত্বে ও কোটচাঁদপুর উপজেলা রিপোর্টার্স ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

সোমবার ১৯ জুন ২০২৩

# মেহেরপুরে দেশীয় প্রজাতির মুরগি পালন করে সাবলম্বী হচ্ছেন নারীরা



**মেহেরপুর প্রতিনিধি:** সল্প বিনিয়োগ ও অল্প সময়ে দেশি মুরগি পালন করে সাবলম্বি হচ্ছেন মেহেরপুরের নারীরা। পরিবারের পুষ্টির চাহিদা পূরণের পাশাপাশি বাড়তি আয়ের সুযোগ সৃষ্টির অন্যতম মাধ্যম দেশি প্রজাতির মুরগি পালন। স্বল্প বিনিয়োগ, সহজ ব্যাবস্থাপনা ও ভালো বাজার দরের কারণে দেশি মুরগী পালন জেলার বিভিন্ন গ্রামের নারীদের সৌখিন ও পছন্দের পেশায় পরিনত হয়েছে। এতে একদিকে যেমন পরিবারের মাংসের চাহিদা পুরুণ হচ্ছে অন্যদিকে বাড়তি আয়ের উৎস বলেও মনে করছেন গৃহিনীরা।

জানা গেছে সারা দেশে সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ খাতের সমৃদ্ধির লক্ষ্যে পিকেএসএফ ২০১৩-২০১৪ অর্থবছর থেকে দেশীয় প্রজাতির মুরগী পালন প্রকল্পটি চালু করে। মেহেরপুর জেলার গাংনী উপজেলায় প্রকল্পটি বাস্তবায়ন করছে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)। কর্মসূচির আওতায় গাংনী উপজেলাতে খামারীদের বিশেষ আবাসন নিশ্চিত করে দেশি মুরগি পালন বিষয়ক ১১৫ টি প্রদর্শনী বাস্তবায়ন করে। এছাড়াও খামারিদের মাঝে দেশি মুরগি পালনের প্রয়োজনীয় উপকরণ বিতরণের পাশাপাশি খামারিদের দেশি মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ, খামার দিবস, পরামর্শ কেন্দ্র এবং ভ্যাকসিনেশন ক্যাম্প বাস্তবায়নসহ বিভিন্ন সেবামূলক কাজ করে যাচ্ছে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)।

গাংনীর গাড়াডোব গ্রামের ফরিদুলের স্ত্রী সুরাইয়া খাতুন জানান, ২-এর পাতায় দেখুন



## উজবেকিস্তানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জাহাঙ্গীর আলম'র পিএইচডি ডিগ্রি অর্জন

**নিজস্ব প্রতিবেদক :** উজবেকিস্থানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো: জাহাঙ্গীর আলম তাসখন্দের University of World Economy and Diplomacy'i বানিজ্য অনুষদ হতে এক্সটারনাল রিসার্চার হিসেবে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তাঁর গবেষণার বিষয় ছিল : Factors Affecting the Adoption of Technology-Driven International Trade: Asian Context. গবেষণার বিষয়ে দীর্ঘ আলোচনা ও পর্যালোচনাশেষে বৈজ্ঞানিক কাউন্সিল এর ১০জন সদস্য ইগোপন ব্যালটে সর্বসম্মতভাবে তাঁর পিএইচডি ডিগ্রি প্রদানের পক্ষে ভোট দেন। University of World Economy and Diplomacy'র রেক্টর এবং উজবেকিস্তান পার্লামেন্টের ডেপুটি স্পিকার সাদিক সাফায়েভ, ভাইস রেক্টরগণ, ২-এর পাতায় দেখুন

আবারো শৈলকুপায় প্রমানিত হলো একক নেতা আব্দুল হাই এমপি

# বিনা প্রতিদ্বন্দ্বিতায় হাকিমপুর ইউনিয়নে চেয়ারম্যান হচ্ছেন ইকু শিকদার



**চঞ্চল মাহমুদ শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার হাকিমপুর ইউনিয়নের উপ-নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী আলহাজ্ব শিকদার ওয়াহিদুজ্জামান ইকু বিনা প্রতিদ্বন্দ্বিতায় চেয়ারম্যান নির্বাচিত হচ্ছেন। রোববার সকালে বিশাল শোভাযাত্রা মধ্যোদিয়ে উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে মনোনয়ন পত্র জমা জমা দেন। রোববার মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ দিন ছিলো। কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী মনোনয়ন পত্র জমা না দেওয়ায় বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হচ্ছেন। এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আ্ওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্টে শিশুর মৃত্যু



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার কামারাইল গ্রামে বিদ্যুৎস্পৃষ্টে আল আমিন হোসেন (৫) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। রোববার সকাল সাড়ে ১০ টার দিকে এ ঘটনা ঘটে। নিহত শিশু আল আমিন হোসেন উপজেলার কামারাইল গ্রামের আরমান হোসেনের ছেলে।

স্থানীয়রা জানায়, রোববার সকালের দিকে বাড়ির সবাই কাজে ব্যস্ত ছিলেন। শিশু আল আমিন হোসেন ঘরের মধ্যে ঘুড়ি ওড়ানোর জন্য সুতা আনতে যায়। এ সময় বৈদ্যুতিক তারে স্পর্শ করলে সে মাটিতে লুটিয়ে পড়ে। পরে আল আমিনকে ডাকাডাকি করেও পাওয়া যায় না। পরে ঘরের মধ্যে পড়ে থাকতে দেখে স্থানীয়রা তাকে উদ্ধার করে ২-এর পাতায় দেখুন

## ২৬ আসামির ফাঁসি কার্যকর করা জল্লাদ শাহজাহানের মুক্তি

**নিজস্ব প্রতিবেদক :** দেশের বিভিন্ন কারাগারে ২৬ আসামির ফাঁসির রায় কার্যকর করে আলোচিত জল্লাদ শাহজাহান ভূঁইয়া (৭৩) অবশেষে মুক্তি পেয়েছেন। ৩১ বছর ছয় মাস সাত দিন কারাভোগের পর মুক্ত হলেন তিনি।

গতকাল রোববার বেলা ১১টা ৪৫ মিনিটে কেরানীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে তিনি মুক্ত হন। শাহজাহান তাঁর সাজা থেকে ১০ বছর পাঁচ মাস ২৮দিন ক্ষমা ২-এর পাতায় দেখুন



## ধারের টাকা আদায়ে ছাগল ব্যবসায়ীর হালখাতা!

**নিজস্ব প্রতিবেদক :** বছরের একটি সময় দোকানপাট বা ব্যবসায়ের হিসাব হালনাগাদ করেন ব্যবসায়ীরা। দেনা-পাওনার হিসাব সমন্বয় করে নতুন করে হিসাব খোলেন তারা। হালখাতা শুধুমাত্র ব্যবসায়ীরা করলেও এবার ঝিনাইদহে ধার দেওয়া টাকা আদায়ে হালখাতা করেছেন এক ছাগল ব্যবসায়ী। টাকা পরিশোধ করায় পর দেওয়া হয় খিচুরি আর ডিমভাজী। শনিবার বিকেলে ব্যতিক্রমী এমন হালখাতার আয়োজন হয়েছিলো ঝিনাইদহ সদর উপজেলার কুমড়াবাড়ীয়া গ্রামের আশার মোড়ে। কুমড়াবাড়ীয়া ইউনিয়নের রামনগর গ্রামের ছাগল সাইফুল ইসলাম ব্যবসায়ী দেড় বছর ধরে দেওয়া ধারের টাকা আদায় করতে এমন হালখাতার আয়োজন করেন।

সাইফুল ইসলাম জানান, কয়েক বছর আগে বিদেশ যাওয়ার জন্য টাকা ৪ লাখ টাকা জমান তিনি। বিদেশ যেতে না ২-এর পাতায় দেখুন

## যশোরের ঝিকরগাছায় পাওনা টাকার জন্য যুবককে পিটিয়ে হত্যা

**এস আর নিরব, যশোর :** যশোরের ঝিকরগাছা উপজেলায় পাওনা টাকা না দেওয়ায় আল-আমিন হোসেন (৩০) নামে যুবককে পিটিয়ে হত্যা করা হয়েছে। রোববার যশোর ঝিকরগাছা উপজেলার শিওরদাহ গ্রামে এ ঘটনা ঘটেছে। হত্যাকারী ইমরান হোসেনকে আটক করেছে পুলিশ। বিষয়টি নিশ্চিত করেছেন ঝিকরগাছা থানার ওসি সুমন ভক্ত।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানাযায়, শিওরদাহ গ্রামে আলামিন ঘর জামাই হিসেবে থাকতো। আলামিন একই গ্রামের ইমরান হোসেন নামে এক যুবকের কাছ থেকে দুই হাজার ৪০০ টাকা ধার হিসাবে নাই। সকালে আলামিন তার শ্বশুরবাড়ীর একটি নির্মাণাধীন বাডড়ীর ছাদে নেশা করছিলো। এ সময় ইমরান তাকে খুঁজতে খুঁজতে ওই ছাদের উপরে ২-এর পাতায় দেখুন

# দেশে উন্নয়ন হয়েছে বলেই আওয়ামী লীগ আবারো নির্বাচনে বিজয়ী হবে : কৃষিবিদ সমীর চন্দ্র



**গাংনী প্রতিনিধি :** সরকারের উন্নয়ন চিত্র তুলে ধরতে মেহেরপুরের গাংনীতে লিফলেট বিতরণ ও হাটসভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেল ৪টার দিকে এ উপলক্ষে গাংনী উপজেলা শহরে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। পরে শহরের বাসস্ট্যান্ড এলাকার রেজাউল চত্বরে হাটসভা অনুষ্ঠিত হয়। সবশেষে লিফলেট বিতরণ করা হয়। সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা কৃষক লীগের (ভারপ্রাপ্ত) সভাপতি মাহমুদ হাসিব। হাটসভা উদ্বোধন করেন বাংলাদেষ কৃষক লীগের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ও মেহেরপুর জেলা কমিটির সভাপতি মাহবুবুল আলম শন্তি। সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন কৃষক লীগের কেন্দ্রীয় কমিটির সভাপতি কৃষিবিদ সমীর চন্দ্র। সভায় প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় কৃষক লীগের সদস্য ও মেহেরপুর জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক সাবেক ছাত্রনেতা ওয়াসিম সাজ্জাদ লিখন। গাংনী উপজেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশের সঞ্চালনায়-হাটসভায় ২-এর পাতায় দেখুন



## আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের বিদায় সংবর্ধনা

**আলমডাঙ্গা প্রতিনিধি :** আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে। রোববার আলমডাঙ্গা উপজেলা পরিসদ হলরুমে উপজেলা পরিষদের পক্ষ থেকে বিদায় সংবর্ধনা অনুষ্টানে সভাপতিত্ব করেন,উপজেলা সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন, বিশেষ ২-এর পাতায় দেখুন

## মেহেরপুর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা অনুষ্ঠিত



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম। এসময় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া, গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভুপেষ রঞ্জন রায়, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনীর, জেলা খাদ্য অফিসার মনিরুজ্জামান, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক আব্দুস সাত্তার প্রমূখ। উক্ত সভায় জেলা প্রশাসক জেলার বিভিন্ন দপ্তরের মাধ্যমে জেলার সার্বিক পরিস্থিতি সম্পর্কে অবগত হন এবং সকল দপ্তরের সমন্বয়ের মাধ্যমে সরকারী নির্দেশনাসমূহ সঠিকভাবে পালনের বিষয়ে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।



## অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের গণসংযোগ

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম গণসংযোগ ও পথসভা এবং বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড পরিদর্শন করেছেন। শনিবার বিকালে অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ইচাখালী গ্রামে গনসংযোগ, পথসভা এবং উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিদর্শন করেন। গণসংযোগ কালে অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম বর্তমান সরকারের উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আগামীতে শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী বানাতে হবে। আওয়ামী লীগ সরকারের আমলে যত উন্নয়ন হয়েছে, অন্য কোন সরকারের আমলে তত উন্নয়ন হয়নি। গণসংযোগ কালে আওয়ামী লীগ নেতা আব্দুর রেজাসহ স্থানীয় আওয়ামী লীগ নেতৃবৃন্দ ইয়ারুল ইসলামের সাথে ছিলেন।

## মহারাজপুরে আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে এ্যাড: আব্দুর রশীদ'র মতবিনিময়



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার মহারাজপুর ইউনিয়নের আওয়ামী লীগের নেতাকর্মী ও সাধারণ জনগনের সাথে মতবিনিময় সভা করেছেন ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ সদর উপজেলা পরিদের চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশীদ। রোববার বিকালে মহারাজপুর ইউনিয়নের বিষয়খালী বাজারে এ মতবিনিময় সভা করেন তিনি।

এ্যাড. আব্দুর রশীদ বলেন, ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগকে আরো সুসংগঠিত এবং বেগবান করার লক্ষ্যে নিরলস পরিশ্রম করা হচ্ছে। প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনার সকল উন্নয়ন কর্মকন্ড তুলে ধরা হচ্ছে। আগামী জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ যাকেই নৌকা প্রতীক দেবেন আমার তাকে ভোট দিয়ে বিজয়ী করবো।

আবারো শেখ হাসিনাকে ক্ষমতায় রাখতে দিকনির্দেশনামূলক বক্তব্য দেওয়া হয়।




সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮

# সম্পাদকীয়

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### ভূমিকম্প

## এ দুর্যোগ মোকাবিলা ও করণীয়

দুই মাসেরও কম সময়ের মধ্যে চারবার ভূমিকম্পে কাঁপল দেশ। এর মধ্যে সর্বশেষ গত শুক্রবার সকাল ১০টা ৪৮ মিনিটে রাজধানী ঢাকাসহ সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ থেকে ভূকম্পন অনুভূত হওয়ার খবর পাওয়া যায়। এই ভূমিকম্পকে 'হালকা' হিসেবে বর্ণনা করেছে আবহাওয়া অধিদপ্তর। ভূমিকম্পে তেমন হতাহতের ঘটনা ঘটেনি। তবে এই ভূমিকম্প আমাদের জন্য অশনি সংকেত। যুক্তরাষ্ট্রের ভূ-তাত্ত্বিক জরিপ সংস্থা বা ইউএসজিএস তথ্য অনুযায়ী, ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল সিলেটের গোলাপগঞ্জ এলাকায়। উৎপত্তিস্থলে ভূমিকম্প ছিল ৫ মাত্রার। বাংলাদেশের দুদিকের ভূ-গঠনে শক্তিশালী ভূমিকম্পের শক্তি জমা হয়েছে। এর একটা হচ্ছে উত্তর-পূর্ব কোণে সিলেট অঞ্চলে ডাউকি ফল্টে, আরেকটা হচ্ছে পূর্বে চট্টগ্রাম ত্রিপুরা বেল্টে পাহাড়ি অঞ্চলে। এখানে দুটি বড় ধরনের ভূমিকম্প বাংলাদেশের দ্বারপ্রান্তে অবস্থান করছে। উত্তর প্রান্তে যেটা ডাউকি ফল্ট, এখানে সঙ্কোচনের হার হচ্ছে প্রতি একশ বছরে এক মিটার। গত ৫০০-৬০০ বছরে বড় ধরনের ভূমিকম্পের কোনো রেকর্ড নেই। তার মানে পাঁচ-ছয় মিটার চ্যুতি ঘটানোর মতো শক্তি অর্জন করেছে। এটা যদি রিখটার স্কেলে প্রকাশ করা হয় তাহলে এটা হচ্ছে ৭.৫ থেকে ৮ মাত্রার ভূমিকম্প সৃষ্টি করতে পারে। আর এখান থেকে ঢাকা শহর হচ্ছে দেড়শ কিলোমিটার। যে কোনো সময় বড় ধরনের ভূমিকম্প আঘাত হানবে। রাজধানী ঢাকার আশপাশে বড় মাত্রার ভূমিকম্পে ব্যাপক ক্ষয়ক্ষতি হবে ঢাকা মহানগরীর। ঢাকার মধ্যে বড় ভূমিকম্প সৃষ্টির মতো ভূ-তাত্ত্বিক অবস্থা না থাকলেও সিলেট ও চট্টগ্রামে শক্তিশালী ভূমিকম্প হলে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে রাজধানী ঢাকাও। ঢাকা শহরে সিটি করপোরেশন এলাকায় রয়েছে চার লাখের বেশি ভবন। রাজউক এলাকায় যে সংখ্যা ১২ লাখেরও বেশি, যার অধিকাংশই ভূমিকম্প সহনীয় নয়। বুয়েটের সঙ্গে যৌথভাবে সরকারের সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি সিডিএমপির এক সমীক্ষায় দেখা গেছে, সাড়ে ৭ মাত্রার ভূমিকম্পে ঢাকার ৭২ হাজার ভবন ধসে পড়বে। এ পরিস্থিতি মোকাবিলায় কতটা প্রস্তুত বাংলাদেশ- প্রশ্ন সামনে আসছে। ভূমিকম্প এমন এক প্রাকৃতিক দুর্যোগ, যাকে প্রতিরোধ করার কোনো উপায় মানুষের আয়ত্তে নেই। এমনকি এর পূর্বাভাস দেয়াও সম্ভব হয় না। তাই ভূমিকম্পে ক্ষয়ক্ষতি নিয়ন্ত্রণে রাখার পূর্বপ্রস্তুতিই আসল। কিন্তু গরিব দেশগুলোতে সে ধরনের প্রস্তুতি থাকে না, ফলে এসব দেশে ক্ষয়ক্ষতির পরিমাণ অনেক বেশি হয়। জাতিসংঘ দুর্যোগ ঝুঁকি সূচকের তথ্যানুযায়ী, ভূমিকম্পপ্রবণ অঞ্চল হিসেবে বিশ্বের ঝুঁকিপূর্ণ ২০টি শহরের মধ্যে দ্বিতীয় স্থানেই রয়েছে ঢাকার নাম। যে কোনো সময় বাংলাদেশের অভ্যন্তরে বড় ধরনের ভূমিকম্পের আশঙ্কা অমূলক নয়। কাজেই এ ধরনের দুর্যোগ মোকাবিলায় আমাদের সরকার বা জনগণ কতটা প্রস্তুত সেটা বিবেচনায় আনা খুবই জরুরি। উদ্বেগের কথা হলো, এ ব্যাপারে সরকারের তরফে তেমন কোনো প্রস্তুতি বা সাধারণের মধ্যেও খুব একটা সচেতনতা দেখা যাচ্ছে না। জনগণকে সম্পৃক্ত করে জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে সীমিত সম্পদ ও ক্ষমতার আওতার মধ্যেই এ দুর্যোগ মোকাবিলার ত্বরিত প্রস্তুতি নেয়া ছাড়া বিকল্প কোনো পথ নেই।

## কালীগঞ্জে অপচিকিৎসায় রোগীর

নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ হাবিবুল্লাহ হাবিব। এ সময় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আলমগীর হোসেন উপস্থিত ছিলেন।
পারিবারিক সূত্রে জানা যায়, হঠাৎ পেটে ব্যাথা অনুভব করেন মরিয়ম খাতুন। এরপর বিভিন্ন পরীক্ষা-নীরিক্ষার পর জানতে পারেন জরায়ুর নাড়ীতে টিউমার হয়েছে। চিকিৎসা করাতে আসেন বাবার বাড়ি ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার কমলাপুর গ্রামে। এ বছরের ফেব্রুয়ারি মাসের ২৩ তারিখে বাবা ইব্রাহীম মন্ডল নিয়ে যান ফাতেমা প্রাঃ হাসপাতালে। চিকিৎসক ডা: আসলাম হোসেন বিভিন্ন রিপোর্ট দেখে বলেন অপারেশন করাতে হবে। অপারেশন করার পর বাড়ি নিয়ে যান মরিয়ম খাতুনকে। এরপর প্রায়ই পেটে ব্যাথা অনুভব করতে থাকেন মরিয়ম খাতুন। গত দুই মাস আগে একই স্থানে ব্যাথার তীব্রতা বাড়তে থাকলে আবারও ফাতেমা প্রাঃ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ফাতেমা প্রাঃ হাসপাতালের মালিক ইকরামুল হোসেনের ছোট ভাই এনামুল হোসেন পুনরায় একই স্থানে অপারেশন করেন। গত ১৪ জুন চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করে মরিয়ম খাতুন।
মরিয়ম খাতুনের পিতা ইব্রাহীম মন্ডল অভিযোগ করে বলেন, তার মেয়ের একই স্থানে তিনবার অপারেশন করা হয়েছে। অপারেশন করলেও সেখানে কোন সেলাই দেওয়া হয়নি। তার মেয়ের হিস্টো প্যাথলজি রিপোর্ট এখনো তাদের দেয়নি ফাতেমা প্রাঃ হাসপাতালের মালিক। তার মেয়ে ভুল চিকিৎসায় মৃত্যুবরণ করেছে। এ ব্যাপারে ডা. আসলাম হোসেন সাংবাদিক পরিচয় পাওয়ার পর মুঠোফোনে বলেন, অফিসের কাজে ব্যস্ত আছি। পরে কথা বলবো।
ফাতেমা প্রাঃ হাসপাতালের মালিক ইকরামুল হোসেন সকল অভিযোগ অস্বীকার করে জানান, তারা যে অভিযোগ করছেন সব মিথ্যা।
কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইশরাত জাহান জানান, অস্বাস্থ্যকর পরিবেশে চিকিৎসা সেবা প্রদান এবং দায়িত্বে অবহেলার কারণে স্বাস্থ্যহানি ঘটানোয় ফাতেমা প্রাঃ হাসপাতালকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

## ঝিনাইদহে জেলা প্রশাসকের

জহুরুল ইসলাম হিরো, ক্রিড়া ও সাংস্কৃতি বিষয়ক সম্পাদক শেখ রুহুল আমিন, নির্বাহী সদস্য রফিকুল ইসলাম মন্টু, মিঠু মালিথাসহ অন্যান্য সদস্যরা। পরে নবগঠিত কমিটির নেতৃবৃন্দ ফুলেল শুভেচ্ছা ও ক্রেস্ট উপহার দেন জেলা প্রশাসককে। সেসময় জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে ঐক্যবদ্ধ ভাবে সকলকে নিষ্ঠার সাথে কাজ করতে হবে। তাহলেই প্রধান মন্ত্রী শেখ হাসিনার স্বপ্ন "স্মার্ট বাংলাদেশ" বিনির্মাণ দ্রুতই বাস্তবায়ন করা সম্ভব হবে।

## হরিণাকুন্ডুতে বঙ্গবন্ধু-বঙ্গমাতা

হয়। হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে পুরুস্কার বিতরন করেন হরিণাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন হরিণাকুন্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন ও হরিণাকুন্ডু থানার ওসি আবু আজিফ। তাছাড়া উপস্থিত ছিলেন বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

## আলমডাঙ্গায় আওয়ামী লীগের

উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার পৌর সভাপতি দেলোয়ার হোসেন, সাধারন সম্পাদক মতিয়ার রহমান ফারুক, যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসম্পাদক, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা হেলাল উদ্দিন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন,, ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, আসিকুর রহমান ওল্টু, মাহমুদুল হাসান চঞ্চল, তরিকুল ইসলাম, মোজাহিদুল ইসলাম জোয়ার্দার, মুন্সি ইমদাদুল হক,জেহালা সভাপতি হাসানুজ্জামান হান্নান, বিল্লাল হোসেন, মোজাম্মেল হক, হাফিজুর রহমান বাবলু, মকবুল হোসেন,মোস্তাফিজুর রহমান রুনু,খন্দকার মজিবুল হক, পরিমল কুমার কালু, দিদার আলী,কামাল হোসেন,আবু তাহের আবু,মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, মহিলা আওয়ামীলীগের সভাপতি সাহিদা খাতুন, আব্দুর রাজ্জাক, মকবুল হোসেন, সৈয়দ সাজেদুল হক, আব্দুল মালেক, রঞ্জু মিয়া, মকবুল মেম্বার, ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, ওয়াড সভাপতি জাহাঙ্গির হোসেন, সাবেক যুবলীগ নেতা আবু দ্বিজ্জিকী টগর, যুবলীগ নেতা আসাদুজ্জামান টুটুল, সৈকত খান, মিরাজুল ইসলাম, রঞ্জু, কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল হক, সৈয়কত, সাবেক প্রচার সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন বাদশা, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল সাকিব, নাজিম, রাহুল, মশিউর, পলাশ, শিহাব প্রমুখ। চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন বলেন, আগামী ২৩ জুন বাংলাদেশ আওয়ামীলীগের ৭৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করতে হবে। প্রত্যেক ইউনিয়নে,ওয়ার্ডে আওয়ামীলীগীগ সম্পর্কে আপনাদের জানাতে হবে।মনে রাখবেন জাতীর যে কোন ক্রান্তি লগ্নে জনগনের পাশে আওয়ামীলীগ ছিল,আগামীতেও থাকবে,৭১ মুক্তিযুদ্ধ আওয়ামীলীগ তথা জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে হয়েছিল।

## সাংবাদিক নাদিম হত্যার প্রতিবাদে

ইউনিটির সাধারণ সম্পাদক মোঃ আব্দুল্লাহ বাশার এর সঞ্চালনায় অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন-দৈনিক নয়া দিগন্ত পত্রিকার কোটচাঁদপুর প্রতিনিধি ও সিনিয়র সাংবাদিক মোঃ শাহাজামাল, কোটচাঁদপুর উপজেলা রিপোর্টার্স ক্লাবের সভাপতি ও সিনিয়র সাংবাদিক অশোক দে, সিনিয়র সাংবাদিক মোঃ আলমগীর হোসেন, সিনিয়র সাংবাদিক মোঃ আব্দুল ছামাদ, কোটচাঁদপুর মডেল প্রেস ক্লাবের সভাপতি ও দৈনিক আমাদের সময় পত্রিকার কোটচাঁদপুর উপজেলা প্রতিনিধি মোঃ আব্দুর রউফ, দৈনিক আলোকিত সকাল ও কোটচাঁদপুর অবজারভার পত্রিকার প্রতিনিধি এম.এ রায়হান, আমার সংবাদের সাংবাদিক মোঃ মঈন উদ্দিন, সাংবাদিক শ্রী সুব্রত কুমার সরকার,দৈনিক ভোরের চেতনা পত্রিকার মোঃ শামীম হোসেন, দৈনিক গ্রামের কন্ঠ পত্রিকার নিজস্ব প্রতিনিধি মোঃ বাবলু মিয়া, জাজ টিভি,র কোটচাঁদপুর উপজেলা প্রতিনিধি মোঃ রমজান আলী, সাংবাদিক মোঃ সোহেল চৌধুরী, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার কোটচাঁদপুর উপজেলা প্রতিনিধি ও মডেল প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মোঃ সোহাগ হোসেন, দৈনিক এই আমার দেশ ও জাতীয় দৈনিক গড়ব বাংলাদেশ পত্রিকার বিশেষ প্রতিনিধি সাংবাদিক মোঃ আবুল হাসান, দৈনিক এই আমার দেশের কোটচাঁদপুর প্রতিনিধি আকিমুল ইসলাম সাজু, ঝিনেদা টিভি,র সাংবাদিক মোঃ আকিমুল ইসলাম, অনলাইন পত্রিকার সাংবাদিক মোঃ শান্তি, সাংবাদিক মোঃ রোকন উজ্জামান প্রমূখ। বৈরী আবহাওয়া সত্ত্বেও বিপুল সাংবাদিক ও মানবাধিকার কর্মী উপস্থিত ছিলেন। মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন স্বাধীকার আন্দোলনে নেতৃত্বদানকারী দল ক্ষমতায় থাকা সত্ত্বেও স্বাধীন সাংবাদিকতার প্রতি পদে পদে বাধা দেওয়া হচ্ছে। সারাদেশে সাংবাদিক নির্যাতন, মিথ্যা মামলা, হামলা ও গুম খুন হত্যার ঘটনা ঘটে চলছে। আমরা জামালপুর এর বকশিগঞ্জ উপজেলার সাংবাদিক গোলাম রব্বানী নাদিম হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। অবিলম্বে দায়ী সন্ত্রাসীদের গ্রেফতার করে দ্রুত বিচার ট্রাইব্যুনালে বিচার করে দৃষ্টান্ত স্থাপন করতে হবে। যাতে করে কোন দুর্নীতিবাজ লুটেরা ও সন্ত্রাসীরা জাতির দর্পন সাংবাদিকদের উপর হামলা করার সাহস না করতে না পারে।

## প্রতিবন্ধি পরিবারের বসতবাড়ি

জেলা প্রশাসকের মনকে স্পর্শ করতে পারছে না। কারণ আমি মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য হয়েও দুইদিন এই জেলা প্রশাসকের দপ্তরে গিয়ে ঘর ভেঙ্গে মসজিদ না করে বসতভিটে রক্ষার দাবীতে পা ধরে হাউমাউ করে কেঁদেও মন গলাতে পারিনি। আবেদন আরো বলা হয়েছে, আমি আপনার পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে দেশের একমাত্র স্থান ঐতিহাসিক মুজিবনগর উপজেলা বাগোয়ান ভূমি অফিসভুক্ত রসিকপুর রতনপুর গ্রামের মোছা: মেরিনা পারভিন (৫০)। জাতীয় পরিচয়পত্র নম্বর- ৬৪০৪৭৩৪২৩৫। আমার স্বামী জিয়ারুল বিশ্বাস একজন বুদ্ধিপ্রতিবন্ধি। মুজিবনগরের মানিকনগর মৌজার ৪০৪/২/১ খতিয়ানে ১১৭৪ দাগ নম্বরে ২০ শতক জমির মধ্যে মাত্র ২ শতক জমি নিয়ে বসবাস আমার। পরিবারের সবার কাছ থেকে কর্জ করে ৭ লক্ষ টাকার জমিটি কিনে সেখানে ১ ছেলে ও ১ মেয়ে সহ ৪ সদস্যের পরিবার নিয়ে বসবাস করছি। এই জমির উপর বহুকষ্টে তিলতিল করে জমানো প্রায় ২০ লক্ষ টাকা ব্যায় করে শখের এবং স্বপ্নের ৪ কামরার বসতঘর নির্মাণ করেছি। এই বাড়ি ছাড়া আমাদের আর কিছুই নেই। অথচ-মেহেরপুর জেলা প্রশাসক সেই বসতঘর ভেঙ্গে মসজিদ নির্মাণ করতে জমি অধিগ্রহণের পত্র দিয়ে আমাদের সুন্দর সাজানো সংসারকে ভেঙ্গে কেন পথে বসিয়ে দিতে চাইছেন বোধগম্য নয়। আবেদনে বৃদ্ধা মেরিনা খাতুন আরো বলেন, আশপাশের ফাঁকা সব জায়গা বাদ দিয়ে কোন রহস্যজনক কারণে ঘর ভেঙ্গে অল্প দূরত্বে একাধিক মসজিদ করার এমন উদ্যোগ জেলা প্রশাসক নিলেন তা আমার অজানা। আমরা এই প্রথম একজন প্রতিমন্ত্রী পেয়েছি। যিনি মেহেরপুরের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। আপনার আমলে অসহায়রা সহায় সম্বল পেয়েছে। গৃহহীনরা বাড়ি পেয়েছে। প্রতিবন্ধি, বিধবা, বয়স্করা ভাতা পাচ্ছে। মুক্তিযোদ্ধারা নতুন ঘর পেয়েছে। প্রধানমন্ত্রীর ঘর উপহারের মাধ্যমে শত শত ছিন্নমূল পরিবার তাদের ঠিকানা পেয়েছে। তাহলে আমার মত একজন অসহায় প্রতিবন্ধি পরিবারের একমাত্র বসতভিটা উচ্ছেদ করে সেখানে মসজিদ নির্মাণ কেন? আশপাশে ৪টি মসজিদ থাকা সত্ত্বেও নতুন এই মসজিদ নির্মাণের উদ্যোগ একজন ভূমিহীনকে পরিকল্পিতভাবে পথে বসানের সামিল। মাননীয় প্রধানমন্ত্রী আপনি বিশ্ব মানবতার মা। সমাজে শান্তি প্রতিষ্টা করে সুন্দর বাংলাদেশ গড়া আপনার ব্রত। তাই জেলা প্রশাসকের এহেন অপচেষ্টা রোধ করে ভূমিহীন পরিবারটিকে রক্ষা করতে আমি আপনার আশু হস্তক্ষেপ কামনা করছি।
মুজিবনগর মডেল মসজিদ নির্মাণের বিষয়ে মেরিনা পারভীনের বক্তব্য মিথ্যা ও ভিত্তিহীন বলে দাবী করে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, মডেল মসজিদ স্থাপনের জন্য আমরা এক বছর আগেই এই জমি অধিগ্রহণের প্রস্তাব দিয়েছি। তখন এই জায়গাটি ফাঁকা পড়েছিলো। পরবর্তীতে ৫-৬ মাস আগে মেরিনা খাতুন রাতারাতি ঘর তুলেছে কোন অনুমতি ছাড়াই। তিনি দাবী করেছেন তিনি ভূমিহীন এবং তার বাবা মুক্তিযোদ্ধা ও তার স্বামী প্রতিবন্ধী। আমরা খোঁজ নিয়ে জেনেছি তিনি ভূমিহীন নন। তাদের বাড়িতে ১০ কাঠা জমি আছে, সাড়ে চার বিঘা আম বাগান আছে, ২৫ বিঘার উপরে তাদের মাঠে জমি আছে। তিনি কি কারণে নিজেকে ভূমিহীন দাবী করলেন এটা আমাদের বোধগম্য নয়। তিনি বলেছেন তার স্বামী প্রতিবন্ধী এটাও সঠিক নয়। তার পিতা মকসেদ আলী এই উপজেলার মুক্তিযোদ্ধা তালিকায় নেই।

## যশোরের ঝিকরগাছায় পাওনা টাকার

যায়। পাওনা টাকা চাওয়াকে কেন্দ্র করে ইমরানের সাথে আলামিনের কথা কাটাকাটি হয়। একপর্যায়ে ইমরান লোহার রড দিযয়ে আল-আমিনকে পিটিযয়ে আহত করে। এ সময় আলামিন আহত অবস্থায় ওই ছাদ থেকে পড়ে যায়। পরে স্থানীয়রা আলামিনকে উদ্ধার করে যশোর ২৫০শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করে। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।
যশোর জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের ডাক্তার আহমেদ তারেক শামস বলেন, মারধরের ঘটনায় আল-আমিন নামে একজনকে হাসপাতালে ভর্তি করা হয় সকাল পৌনে ৮টায়। চিকিৎসাধীন অবস্থায় ৯টা ২০ মিনিটে তার মৃত্যু ঘটেছে।
এ বিষয়ে ঝিকরগাছা থানার ওসি সুমন ভক্ত বলেন, হত্যাকারী ইমরানকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।

## দেশে উন্নয়ন হয়েছে বলেই আওয়ামী

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন,বাংলাদেশ কৃষক লীগের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আসাদুজ্জামান বিপ্লব,সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু,দপ্তর সম্পাদক রেজাউল করিম রেজা,বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক কৃষিবিদ আশরাফুল ইসলাম স্বপন, বেসরকারী সংস্থা বিষয়ক সম্পাদক মিনারুল ইসলাম,সহ-দপ্তর সম্পাদক শওকত হোসেন সানু। এসময় বক্তব্য রাখেন কৃষকলীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

## আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার

অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু। এছাড়াও বক্তব্য রাখেন ইউপি চেয়ারম্যান মোজাহিদুর রহমান জোয়ার্দার লোটাস, আসিকুর রহমান ওল্টু,নজরুল ইসলাম, তবারক হোসেন, আলহাজ্ব শেখ আসাবুল হক মিকা,তরিকুল ইসলাম,বিপ্লব,সাহিনুর রহমান, মুন্সি ইবাদুল হক, কৃষি সম্প্রসারন কর্মকর্তা সোহেল রানা, উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার হোসেন শহিদ সোহরোয়ার্দি, আবাসিক প্রকৌশলী শাহিনুর রহমান, বিআরডিবি কর্মকর্তা শায়লা সারমিন, তথ্য কর্মকর্তা সিপ্ধা দাস, প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম আজম প্রমুখ। সভায় পরিষদের পক্ষ থেকে ইউএনও রনি আলম নুর মহদয়কে একটি সম্মাননা ক্রেষ্ট তুলে দেওয়া হয়। এছাড়াও উপজেলা ক্রীড়া সংস্থা ও মন্ডল খেলা ঘরের পক্ষ থেকে ক্রেষ্ট ও উপহার তুলে দেওয়া হয়।

## বিনা প্রতিদ্বন্দ্বিতায় হাকিমপুর

মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি, উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম আহমেদ, পৌর মেয়র কাজী আশরাফুল আজম, ধলহরা চন্দ্র ইউনিয়নের চেয়ারম্যান মতিয়ার রহমান বিশ্বাস, চেয়ারম্যান সাব্দার হোসেন মোল্লা, চেয়ারম্যান সেকেন্দার আলী মোল্লা, চেয়ারম্যান মফিজুল ইসলাম মফিজ, উপজেলা যুবলীগের সভাপতি শামিম হোসেন মোল্লা, চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল, চেয়ারম্যান জাহিদুল ইসলাম জাহিদ, চেয়ারম্যান জিল্লুর রহমান তপন, চেয়ারম্যান ফিরোজ আহমেদ, চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুনসহ হাকিমপুর ইউনিয়নের বর্তমান ইউপি সদস্য, উপজেলা ও পৌর আওয়ামী লীগের নেতা কর্মীরা।

## ২৬ আসামির ফাঁসি কার্যকর করা

পেয়েছেন। কারাগার থেকে যখন শাহজাহান বের হয়ে আসেন তখন তার মুখে ছিল হাসি আর পরনে ছিল সাদা শার্ট-প্যান্ট। তিনি বের হওয়ার সময় তার আশপাশে প্রায় ১০-১৫ জন কারারক্ষী ছিলেন।
বের হওয়ার সময় সাংবাদিকদের সঙ্গে কথা বলার প্রথম মুহূর্তে ডুকরে কেঁদে ওঠেন শাহজাহান। এরপর একে একে শাহজাহান তার কারাগারে থাকার অভিজ্ঞতা নিয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।
তিনি বলেন, ৩০ বছর অনেক সময়। এতদিন জেল খাটার পর এখন আর কোনো অপরাধ করতে চাই না। আর এখন আমার সক্ষমতা নেই অপরাধ করার।
২৬ জন আসামিকে ফাঁসি দেওয়ার বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, আমি বিচার প্রক্রিয়া শেষে কারাগারে সাজা ভোগ করছিলাম। তাই কারাগারে নিয়ম অনুযায়ী সাজা প্রাপ্ত আসামিদের কোন না কোন কাজ করতে হয়। আমি একটু সাহসী ছিলাম বলে আমাকে জল্লাদের কাজে নিয়োগ করা হয়। এসব ফাঁসি আমার সিদ্ধান্তে আমি দেইনি, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী আমি দিয়েছি।
কারাগার থেকে বের হওয়ার পর তিনি এখন কোথায় যাবেন প্রশ্ন করা হলে জল্লাদ শাহজাহান বলেন, আমার কোন বাড়িঘর নেই। শুনেছি আমার এক বোন ও ভাগিনা আছে। তবে তাদের সঙ্গে আমার কখনো দেখা হয়নি। তবে এখন আমি বসুন্ধরার নর্দা এলাকায় একজনের বাসায় যাচ্ছি। কারাগারে থাকার সময় তার সঙ্গে পরিচয় হয়েছিল।
তিনি বলেন, আমি মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আবেদন করছি, তিনি যেন আমাকে বাসস্থান ও কর্মসংস্থানের ব্যবস্থা করে দেন। যাতে বাকি জীবন আমি সুখে শান্তিতে বসবাস করতে পারি।
তার বের হওয়ার আগে ঢাকা কেরানীগঞ্জের জেলার মাহবুবুল ইসলাম সাংবাদিকদের বলেন, জল্লাদ শাহজাহান এ পর্যন্ত ২৬ জনের ফাঁসি কার্যকর করেছেন। এতে প্রতি ফাঁসির জন্য তার দুই মাস করে শাস্তি মওকুফ হয়েছে। এছাড়া জেলে কেউ ভালো কাজ না করলে, কারও শাস্তি মওকুফ করা হয় না। তবে শাহজাহান জেলে থাকা অবস্থায় ভালো কাজ করে দশ বছর পাঁচ মাস সাজা কমিয়েছেন।

## কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্টে শিশুর মৃত্যু

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করে। কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তার তানভীর রহমান জানান, শিশুটিকে হাসপাতালে আনার আগেই সে মারা যায়। শিশুটির গায়ে পোড়া দাগের চিহ্ন রয়েছে।

## উজবেকিস্তানে নিযুক্ত বাংলাদেশের

উক্ত বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণসহ এ অঞ্চলের অন্যান্য গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ গবেষণার বিষয়বস্তু উপস্থাপনের সময় বৈজ্ঞানিক কাউন্সিলের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন।
উল্লেখ্য যে যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া, ভারত, মালয়েশিয়া ও উজবেকিস্থানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে জাহাঙ্গীর আলম এর ৬টি আর্টিকেল ও ২টি কনফারেন্স পেপার প্রকাশিত হয়। বাংলাদেশ, উজবেকিস্তান, কানাডা, চীন, মালয়েশিয়াসহ অন্যান্য দেশের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ তাঁর থিসিসের বিষয়ে রিভিউ প্রদান করেন।
রাষ্ট্রদূত মো: জাহাঙ্গীর আলম বিসিএস প্রশাসন ক্যাডারের অষ্টম ব্যাচের একজন কর্মকর্তা। তিনি মেহেরপুর জেলার সদর উপজেলার পাটকেলপোতা গ্রামের বিশিষ্ট স্কুল শিক্ষক মাওলানা রুহুল আমীনের পুত্র।

## মেহেরপুরে দেশীয় প্রজাতির মুরগি

গতানুগতিক সনাতন পদ্ধতিতে দেশি মুরগি পালন করে তিনি আর্থিকভাবে লাভবান হতে পারছিলেন না; সনাতন পদ্ধতিতে বাচ্চা মৃতের হার অনেক বেশি। ব্রুডিং (৭-১০ দিন বয়সী মুরগির বাচ্চাকে তাপ প্রদান করা) ঠিকঠাক না হওয়ায় বাচ্চার শারীরিক বৃদ্ধি ও রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পেত। এছাড়া বিভিন্ন সংক্রামক রোগ লেগেই থাকত। বিভিন্ন শিকারী প্রাণির আক্রমণে মুরগির বাচ্চা মৃত্যুর হার ছিল অনেক বেশি। বিশেষ আবাসন নিশ্চিত করে দেশি মুরগির বাচ্চা লালন পালন করায় এবং রোগ প্রতিরোধে সময়মত টিকা প্রদান নিশ্চিত করায় মুরগির বাচ্চা মৃত্যুর হার নেমে এসেছে প্রায় শূণ্যের কোঠায়। এখন তার খামারে দেড় শতাধিক দেশীয় জাতের মুরগি রয়েছে।
গাড়াডোব গ্রামের রাহেলা খাতুন জানান, বিশেষ আবাসন নিশ্চিত করার ফলে মুরগির বাচ্চার বিভিন্ন রোগের সংক্রমণ হ্রাস পায় এবং শিকারী প্রাণী দ্বারা আক্রান্ত হওয়ার ঝুকি কমে যায়। এছাড়াও এ পদ্ধতির কারণে মা মুরগি বাচ্চাদের থেকে দুরে থাকায় দ্রত ডিম পাড়ার প্রবণতা বেড়ে যায়। গৃহবধু কাজলী জানান, পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির মাঠ কর্মিও পরামর্শে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের আর্থিসহায়তা হিসেবে আমাকে একটি সুন্দর মুরগির ঘর প্রদান করেছে। মুরগি পালনের জন্য দিয়েছে অন্যান্য অনুসঙ্গ। সঠিক পরিচর্যা প্রয়োজনীয় খাবার সরবরাহ করার ফলে মুরগির দৈহিক বৃদ্ধি ও ডিম প্রদানের হার বৃদ্ধি পেয়েছে।
সংস্থার প্রাণী সম্পদ কর্মকর্তা জানান, এই পদ্ধতিতে মুরগির মাধ্যমে ডিম ফোটানোর ক্ষেত্রে ডিমগুলো বিশেষ এক ধরণের হাজল বা ডিম ফুটানোর পাত্রে বসানো হয়। ফলে ডিমে তাপ দেবার সময় মা মুরগি খাবার ও পানি খাওয়ার জন্য ডিম থেকে উঠে যাবার প্রয়োজন হয় না। কারণ খাবারের পাত্র ও পানি মুরগির সামনেই রাখা থাকে। ফলে মা মুরগি যথাযথভাবে ডিমে তা দিতে পারে এতে ডিম ফুটে বাচ্চা উৎপাদনের হার বৃদ্ধি পায়।এ পদ্ধতিতে একজন খামারি অনায়াশে চোট্ট একটি ঘরে ৩০-৩৫ টি মুরগি পালন করতে পারে। যেহেতু দেশি মুরগি লালন খরচ অনেক কম সেহেতু একজন ছোট খামারী বাচ্চা উৎপাদন ও মুরগি বিক্রয় করে প্রতি মাসে ৮-৯ হাজার টাকা আয় করতে পারছেন বলেও জানান অনেক গৃহবধু।
প্রকল্প বাস্তবায়নকারি প্রতিষ্ঠান পিএসকেএস-এর পরিচালক (কর্মসূচি) মোহাঃ কামরুজ্জামান জানান, বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। এদেশের জনগনের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা প্রদান, জীবনযাত্রার মান উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি কৃষক বা খামারির দক্ষতা উন্নয়নে পিএসকেএস পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ খাতে উন্নয়ন কর্মসূচি বাস্তবায় করছে। এরই ধারাবাহিকতায় মেহেরপুরের গাংনী উপজেলাতে আমাদের কার্যক্রম চলমান রয়েছে। আমরা সরকারের উন্নয়ন কার্যক্রমকে ত্বরান্বিত করতে সহায়ক শক্তি হিসেবে কাজ করছি । দেশের আর্থসামাজিক উন্নয়নে মুরগির গুরুত্ব অপরিসীম। এতে একদিকে যেমন নিরাপদ মাংস উৎপাদন সম্ভব হবে পাশাপাশি কমবে অতি মাত্রায় পোল্ট্রি মুরগির উপর নির্ভরতা।
মেহেরপুর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃ সাঈদুর রহমান জানান, জেলায় মাংসের চাহিদা ও পুষ্টিগুন বিবেচনায় দেশি মুরগির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। জেলায় ব্রয়লার ও লেয়ারের খামার থাকলেও দেশি মুরগির খামার তেমন উল্লেখযোগ্য নয়। তাই দেশিও মুরগির জাত উন্নয়ন ও বাজারের চাহিদা বিবেচনা করে প্রান্তিক পর্যায়ে দেশি মুরগির খামার আরও বৃদ্ধি করা উচিৎ। সরকারি সহায়তার পাশাপাশি সরকারের সাথে তাল মিলিয়ে বাংলাদেশের বেসরকারী সংস্থা (এনজিও) গুলোও প্রাণীসম্পদ উন্নয়নে নানা কর্মকান্ড পরিচালনা করে যাচ্ছে। দেশের প্রাণীসম্পদ উন্নয়নে সরকারের পাশাপাশি এনজিও গুলোরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে বলেও জানান তিনি ।

## ধারের টাকা আদায়ে ছাগল

পারায় টাকাগুলো তার কাছেই জমা ছিলো। গত দেড় বছর ধরে তার সেই জমানো টাকা ধার দিয়েছেন তিনি। কেউ বিপদে পড়ে টাকা ধার চাইতে এলে ফেরাননি তিনি। কুমড়াবাড়ীয়া ইউনিয়নের ৫ গ্রামের ৭৪ জন ব্যক্তির ১ লাখ ৬৫ হাজার টাকা ধার দিয়েছেন তিনি। পাওনা টাকা ফেরত চাইতে গেলে অনেক সময় পান না দেনাদারকে। আর এতগুলো লোকের কাছে দিনের পর দিন না গিয়ে এমন হালখাতার আয়োজন করেন তিনি। ৩৮'শ টাকা খরচ করে খিচুরি আর ডিমভাজী করে দেওয়া হয় হালখাতায় আসা দেনাদারদের।
মিল্টন নামের একজন বলেন, আমার টাকার খুব দরকার ছিলো। আমি সাইফুলের কাছে গিয়েছিলাম। উনার কাছ থেকে ৩৫'শ টাকা ধার নিয়েছিলাম। সেই টাকা আজ পরিশোধ করলাম।
জসিম নামের এক ব্যক্তি বলেন, সাইফুল ইসলাম খুব ভালো মনে মানুষ। কেউ তার কাছে গেলে ফিরে আসে না। যদি সাইফুলের কাছে টাকা থাকে তাহলে দেয়। তার কাছ থেকে টাকা নিয়ে অনেকেই উপকার পেয়েছে। তিনি খুব ভালো মনের মানুষ।
রামনগর গ্রামের জহির রায়হান বলেন, আমার জীবনে এমন ব্যতিক্রমী হালখাতার কথা শুনিনি। আজ দেখলাম টাকা ধারের হালখাতা।
এ ব্যাপারে সাইফুল ইসলাম বলেন, আমি তো কোন দোকান-পাট নেই। আমি মানুষের টাকা ধার দিয়েছি যাতে তাদের উপকার হয়। টাকা ধার দিতে দিতে ব্যবসা করব সেই পুঁজিতেও কম পড়েছে। প্রত্যেকের বাড়িতে গিয়ে টাকা চাওয়া সম্ভব না তাই হালখাতার আয়োজন করেছি। আমার টাকার কোন সুদ-লাভ নেই। আমার ছাগল ব্যবসার জন্য টাকার দরকা তাই টাকাগুলো ফেরত নিচ্ছি। পরে আবার যদি কেউ চাই তাদের আবার দেব।
হালখাতায় ৩৮'শ টাকা খরচ করে খিচুরি আর ডিম ভাজি করেছি। কুমড়াবাড়ীয়া ইউনিয়নের ৫ গ্রামে ৭৪ জন লোকের কাছে ১ লাখ ৬৫ হাজার টাকা পেতাম। হালখাতায় ৪৭ জন লোক এসেছিলো আর আমার টাকা আদায় হয়েছে ১ লাখ।

## অধ্যক্ষ বাদশা আলম ও চেয়ারম্যান

ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, জেলা আওয়ামী লীগের সাবেক দপ্তর সম্পাদক আসাদুজ্জামান আছাদ, দৈনিক এই আমার দেশ পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক ব্যারিস্ট্রার তানভীর হাসান জিসান হাই। শোকবার্তায় আব্দুল হাই এমপি মনোয়ারা খাতুনের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। সেই সাথে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

## মার্কিন যুক্তরাষ্ট্রের বিপথগামী

মত পরিস্থিতি তৈরি হতে পারে। ২০ বছরে ২.৩১ ট্রিলিয়ন ডলার খরচ করে সম্প্রতি আফগানিস্তান থেকে মার্কিন সেনা প্রত্যাহার এটিই প্রমাণ করে যে, অন্যান্য দেশে গণতন্ত্রের প্রচারে মার্কিন যুক্তরাষ্ট্র সত্যিকার অর্থে প্রতিশ্রুতিবদ্ধ নয়। দ্বিতীয়ত, বাংলাদেশে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করার ব্যাপারে মার্কিন যুক্তরাষ্ট্রের নৈতিক কর্তৃত্ব নিয়েও প্রশ্ন তোলা যেতে পারে, কারণ যেহেতু মার্কিন যুক্তরাষ্ট্র নিজেই দীর্ঘদিন গণতান্ত্রিক ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে সফল হয়নি। বছরের পর বছর ধরে সংখ্যালঘু ভোটারদের দমন, ভোট কর্মীদের বিরুদ্ধে হুমকি, বাক-বিতণ্ডা, ভোট প্রদানের জেলায় কারচুপি এবং সংখ্যালঘু গোষ্ঠীর রাজনৈতিক প্রভাব সীমিত করা ইত্যাদি অভিযোগ মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধেও রয়েছে। যেখানে মার্কিন যুক্তরাষ্ট্রের নিজের দেশের ৪০ শতাংশ জনগণ ২০২০ এর নির্বাচনকে সুষ্ঠু মনে করে না, সেখানে বাংলাদেশে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন তারা কিভাবে নির্ধারন করবে? অন্য একটি জরিপে, প্রায় ৬১ শতাংশ রিপাবলিকান জো বিডেনের প্রেসিডেন্সির বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন। আমি ব্যক্তিগতভাবে ২০২০ সালের নির্বাচনের বৈধতা নিয়ে প্রশ্ন তুলছি না। আমার প্রশ্ন হচ্ছে, নতুন ভিসা নীতি বাস্তবায়নের সময় যুক্তরাষ্ট্র কি নির্বাচনে হেরে যাওয়াদের মতামতও বিবেচনা করবে?

## কারো খবরদারির কাছে নতজানু

সশস্ত্র বাহিনীকে যুগোপযোগী করে গড়ে তুলতে কাজ চলছে।
প্রধানমন্ত্রী বলেন, আমরা বাংলাদেশকে ডিজিটাল দেশ হিসেবে গড়ে তুলতে সক্ষম হয়েছি। যা শুধু আর্থসামাজিক উন্নয়নে কাজে লাগেনি, করোনাকালীন সময়ে প্রতিটি ক্ষেত্রেই আমাদের ডিজিটাল সিস্টেম কাজে লেগেছে।
তিনি বলেন, বাংলাদেশের ভূ-রাজনৈতিক অবস্থান, দেশি-বিদেশি চক্রান্ত, রাজনৈতিক প্রেক্ষাপট, গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নিরাপত্তা অনেক বেশি জরুরি তা আমি জানি। তাছাড়া প্রযুক্তি ব্যবহারে স্বপ্ন দুয়ার খুলে দিয়েছে, সেই সাথে অনেক শঙ্কাও সৃষ্টি হয়েছে। আমি মনে করি সন্ত্রাস ও জঙ্গিবাদের ধারণা পাল্টে যাচ্ছে। প্রযুক্তি এক ধরনের কার্যক্রমের আশঙ্কা বা নিরাপত্তাকে প্রশ্নবিদ্ধ করছে। এদিকে লক্ষ্য রেখেই আমাদেরকে তাল মিলিয়ে চলতে হবে।
তিনি আরও বলন, আমাদের এসএসএফ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিদেশি কোনো অতিথি যখন আসে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর সময় আমরা যেসব অনুষ্ঠান করেছি সেই সময় একই সাথে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান, সরকারপ্রধান আমাদের দেশে এসেছেন। তাদের নিরাপত্তা প্রদানে যথেষ্ট দক্ষতা পরিচয় দিয়েছেন। তাদেরকে নিরাপত্তা প্রদানের জন্য আমরা যখন এসএসএফকে কাজে লাগিয়েছি, প্রত্যেকে প্রশংসা করেছেন। গর্বে আমার বুক ভরে গেছে।

## সাংবাদিক নাদিম হত্যা মামলার

ওহিজ্জামানে (৩০) ৫ জনকে ৩ দিন করে রিমান্ড মঞ্জুর করেন আদালত।
রাষ্ট্রপক্ষের আইনজীবী ইউনুস আলী বলেন, বিচারক দীর্ঘক্ষণ দুই পক্ষের কথা শুনেছেন। তিনি ৫ জন আসামিকে ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন এবং ৪ জনকে ৪ দিন করে রিমান্ড দিয়েছেন। এদিকে প্রধান আসামি চেয়ারম্যান বাবুসহ ৪ আসামিকে আজ আদালতে তোলা হয়েছে।
প্রসঙ্গত, বুধবার (১৪ জুন) রাত সাড়ে ১০টার দিকে বকশীগঞ্জ পৌরসভার পাটহাটি এলাকায় হামলার শিকার হন গোলাম রব্বানী নাদিম। সাধুরপাড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মাহমুদুল আলম বাবুর নেতৃত্বে ১০-১২ জন নাদিমের ওপর হামলা করে। পরে চিকিৎসাধীন অবস্থায় সাংবাদিক নাদিমের মৃত্যু হয়েছে।

## দেশের শীর্ষ মাদক কারবারিদের

নিজেই শুনানি করেন। দুর্নীতি দমন কমিশনের (দুদক) পক্ষে শুনানি করেন সিনিয়র এডভোকেট খুরশীদ আলম খান। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি এটর্নি জেনারেল সাইফুদ্দিন খালেদ। বাংলাদেশের বিভিন্ন নাগরিক ও প্রতিষ্ঠান থেকে পাচারের মাধ্যমে বিদেশি ব্যাংক, বিশেষ করে, সুইস ব্যাংকে গোপনে জমা রাখা বিপুল অর্থ উদ্ধারে অবিলম্বে যথাযথ পদক্ষেপ নিতে নির্দেশনা চেয়ে ২০২১ সালের ১ ফেব্রুয়ারি আউনজীবী সুবীর নন্দী দাসসহ সুপ্রিমকোর্টের দুই আইনজীবী একটি রিট পিটিশন দায়ের করেন। এর প্রাথমিক শুনানি নিয়ে হাইকোর্ট রুলসহ আদেশ দেন।

## ভারত মনে করে এই মুহূর্তে বাংলাদেশে

সঙ্গেও এ সমস্ত সাম্প্রদায়িক উগ্র শক্তির সম্পর্ক রয়েছে বলেও ভারতের একাধিক থিংকট্যাংক মনে করেন। আর এ কারণেই এই মুহূর্তে বাংলাদেশে আওয়ামী লীগের কোন বিকল্প নেই। আওয়ামী লীগ বা শেখ হাসিনা যদি ক্ষমতায় না থাকে তাহলে বাংলাদেশে সাম্প্রদায়িক শক্তির দ্রুত উত্থান ঘটবে। এটি ভারত চায় না।
দ্বিতীয়ত, ভারত মনে করে যে, বাংলাদেশের নির্বাচন বাংলাদেশের একান্তই অভ্যন্তরীণ ব্যাপার। এই নির্বাচনকে প্রভাবিত করতে পারে বা এই নির্বাচনকে বাধাগ্রস্থ করতে পারে এমন কোন পদক্ষেপ কোন রাষ্ট্রেরই নেয়া উচিত না। সেক্ষেত্রে এই অঞ্চলের স্থিতিশীলতা নষ্ট হবে।
বাংলাদেশে যদি আগামী জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠিত না হয় সে ক্ষেত্রে এ দেশের গণতন্ত্র ব্যাহত হবে এবং এই অঞ্চলের স্থিতিশীলতা নষ্ট হবে। এ জন্য সাংবিধানিক প্রক্রিয়ায় নির্বাচনের ধারা অব্যাহত রাখা উচিত।
তৃতীয়ত, ভারতের থিংকট্যাংকরা মনে করেন যে, বাংলাদেশের গণতান্ত্রিক ব্যবস্থায় নানা ক্রুটি বিচ্যুতি রয়েছে, নানা সমস্যা রয়েছে। কিন্তু গণতান্ত্রিক প্রক্রিয়াকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলেরই সহযোগিতা করা উচিত।
গণতান্ত্রিক প্রক্রিয়া একটি ধারাবাহিক প্রক্রিয়া একটি নিরন্তত ধারা। প্রতিনিয়ত ঘাত প্রতিঘাতের মধ্যে দিয়ে গণতন্ত্র এগিয়ে যায়। কাজেই বাংলাদেশের গণতন্ত্রের ক্রুটি-বিচ্যুতিগুলো স্বাভাবিক নিয়মেই অপসৃত হবে এবং একটি গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে বাংলাদেশ যেন বিকশিত হয় সে জন্য সকলের সহযোগিতা করা উচিত। চাপ দিয়ে বা কৃত্রিম প্রক্রিয়ায় কখনও গণতন্ত্রকে বিকশিত করা যায় না। আর এই বক্তব্যগুলোই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ মোদির কাছে থিংকট্যাংকরা পৌঁছে দিয়েছেন।
নরেন্দ মোদি জো বাইডেনের সঙ্গে বৈঠকে থিংকট্যাংকদের এই বক্তব্যের আলোকেই কথা বলবেন কিনা সেটি একান্তই তার বিষয়। তবে থিংকট্যাংকরা মনে করে বাংলাদেশে এই মুহূর্তে রাজনৈতিক পট পরিবর্তন হবে এই অঞ্চলের জন্য আত্মঘাতী

## আজ জানা যাবে ঈদুল আজহা

ফ্যাক্স নম্বরে বা সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক (ডিসি) বা উপজেলা নির্বাহী অফিসারকে জানানোর জন্য অনুরোধ জানিয়েছে ইসলামিক ফাউন্ডেশন।
সোমবার চাঁদ দেখা গেলে মঙ্গলবার (২০ জুন) থেকে জিলহজ মাস গণনা শুরু হবে। এক্ষেত্রে বাংলাদেশে আগামী ২৯ জুন (১০ জিলহজ) ঈদুল আজহা উদযাপিত হবে। চাঁদ দেখা না গেলে মঙ্গলবার জিলকদ মাসের ৩০ দিন পূর্ণ হবে। সেক্ষেত্রে আগামী বুধবার (২১ জুন) থেকে জিলহজ মাস গণনা শুরু হবে, দেশে ঈদ পালিত হবে ৩০ জুন।
ইসলাম ধর্ম অনুযায়ী, মুসলমানরা জিলহজ মাসের ১০ তারিখে আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে প্রিয় বস্তু অর্থাৎ পশু কোরবানি করে থাকেন।

## মেট্রোরেলের আগারগাঁও থেকে

আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মেট্রোরেলের এমআরটি লাইন সিক্স আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত চালু বিষয়ে এক ব্রান্ডিং সেমিনারে তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের বলেন, 'আগামী অক্টোবর মাসে এমআরটি-৬ এর আগারগাঁও থেকে মতিঝিল অংশ প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন। এরই মধ্যে মেট্রোরেলের সামগ্রিক কাজে আমরা এগিয়ে গিয়েছি। পাশাপাশি মেট্রোরেল পুলিশ গঠন করা হয়েছে।'
মেট্রোরেল আমাদের জাতীর সম্পদ উল্লেখ করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, এটি রক্ষা করতে আমাদের সকলকেই দায়িত্ব পালন করতে হবে। জরিমানা করে হলেও মেট্রোরেলের সৌন্দর্য রক্ষা করতে হবে। মেট্রোরেলে আইন-শৃংখলার বিষয়টি ভালোভাবে দেখা উচিত।
ঢাকা শহরের পরিবেশ উন্নয়নের ওপর জোর দিয়ে ওবায়দুল কাদের বলেন, যত্রতত্র ময়লা আর্বজনা ফেলা যাবে না, যত্রতত্র সিগারেট খাওয়া যাবে না। স্পট ঠিক করে দিতে হবে। ঢাকার চারপাশে ইটের ভাটা বন্ধ করতে হবে। আমাদের অস্তিত্বের স্বার্থে এগুলো করতে হবে।
সড়ক ও মহাসড়ক বিভাগের সচিব এবিএম আমিন উল্লাহ নুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি রওশন আরা মান্নান, ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আতিকুল ইসলাম, দক্ষিণ সিটি মেয়র শেখ ফজলে নূর তাপস, বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি, জাইকা বাংলাদেশ অফিসের প্রধান প্রতিনিধি ইচিগুছি তোমোহাইড ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. শরফুদ্দীন আহমেদ প্রমুখ বক্তব্য রাখেন।

## আমরা বিদেশিদের কাছে যাই

রোববার দুপুরে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। 'বিএনপি বিদেশিদের কাছে যায়'- আওয়ামী লীগ নেতাদের এমন বক্তব্যের পরিপ্রেক্ষিতে তিনি এ কথা বলেন। 'আমরাও ভিসানীতি তৈরি করবো'-আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের এমন বক্তব্য প্রসঙ্গে মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, এর কী উত্তর দেবো? আপনারাও ভিসানীতি করেন, দেখি। মূলকথা হচ্ছে, জাতি চরম বিপদে আছে, এর থেকে উদ্ধার করতে হবে। সরকারের সমালোচনা করে তিনি বলেন, এবার আর মানুষকে বোকা বানাতে পারবেন না। রাখাল বালক আর বাঘের গল্প আমাদের মনে আছে। এবার আর রাখাল বালকের কথায় কেউ যাবে না। মানুষ রাজপথে দাঁড়িয়ে গেছে। মানুষের ভোটের অধিকার নেই। রাজপথে এর ফায়সালা হবে। কারণ কোনোদিনও তারা (আওয়ামী লীগ) ক্ষমতায় থেকে সুষ্ঠু নির্বাচন দেননি। তাদের অধীনে সুষ্ঠু নির্বাচন হয়-এটা কেউ বিশ্বাসও করেন না। বিএনপি কাউকে খাটো করে না দাবি করে ফখরুল বলেন, আওয়ামী লীগ তাজউদ্দীন আহমদ, মওলানা আবদুল হামিদ খান ভাসানী কাউকেই স্মরণ করে না। আমি বলেছিলাম বেগম খালেদা জিয়া প্রথম নারী মুক্তিযোদ্ধা। এটা বলার পর আমার ওপর ঝড় উঠলো। বেগম খালেদা জিয়া যদি মুক্তিযোদ্ধা না হোন, তাহলে মুক্তিযোদ্ধা কে? অনুষ্ঠানে 'জ্যোতির্ময় খালেদা জিয়া ও দীপ্তিমান তারেক রহমান' বইয়ের মোড়ক উন্মোচন করেন তিনি। এ বইয়ে '২০১৪ সালের নির্বাচনী জনসভায় খালেদা জিয়া'-এমন ক্যাপশনে একটি ছবি ব্যবহারের সমালোচনা করেন বিএনপি মহাসচিব। তবে বইয়ের প্রচ্ছদ মির্জা ফখরুলের ভালো লেগেছে বলে জানান। বিএনপি মহাসচিব বলেন, ২০১৪ সালে তো বিএনপি নির্বাচনেই যায়নি। এটা নির্বাচনী জনসভা হতে পারে না। এটা জনসভা হতে পারে। বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা তাজমেরী এস ইসলামের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন চেয়ারপারসনের উপদেষ্টা ফরহাদ হালিম ডোনার, শিক্ষাবিষয়ক সম্পাদক ওবায়দুল ইসলাম প্রমুখ।

## প্রধানমন্ত্রীকে হুমকির বিরুদ্ধে ব্যবস্থা

বক্তব্য। তিনি গতকাল দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে এ বিষয়ে প্রশ্নের জবাবে এ কথা বলেন। তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, 'এর আগে রাজশাহী বিএনপির আহ্বায়ক জননেত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি দিয়েছিলেন এরপর সিরাজগঞ্জে জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক রাশিদুল হাসান রঞ্জন জননেত্রীকে হত্যার হুমকি দিয়েছেন। আসলে বিএনপি ভেতরে ভেতরে যে ষড়যন্ত্রটা করছে, সেটিরই বহি:প্রকাশ হচ্ছে তাদের বিভিন্ন নেতৃবৃন্দের এই সমস্ত বক্তব্য।'
ড. হাছান বলেন, 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭১ সালে দেশ স্বাধীনতা অর্জনের পর স্বাধীনতাবিরোধী দেশি ও আন্তর্জাতিক অপশক্তি মিলে বঙ্গবন্ধুকে রাজনৈতিকভাবে মোকাবিলা করতে ব্যর্থ হয়ে হত্যার পথ বেছে নিয়েছিলো। আজকেও বিএনপিসহ যে রাজনৈতিক অপশক্তি বাংলাদেশের উন্নয়ন-অগ্রগতিকে বাধাগ্রস্ত করতে চায়, তারা জননেত্রী শেখ হাসিনাকে রাজনৈতিকভাবে মোকাবিলা করতে ব্যর্থ হয়েছে, পরপর তিনবার জনগণের রায় নিয়ে বঙ্গবন্ধুকন্যা দেশ পরিচালনার দায়িত্ব পেয়েছেন। বঙ্গবন্ধুকে যেভাবে হত্যা করা হয়েছিলো আজকে বিএনপি যে সেই একই পথে হাঁটছে, একই পরিকল্পনা করছে, বিভিন্ন জায়গায় বিএনপি নেতাদের এ সমস্ত বক্তব্য তারই বহি:প্রকাশ।'
তথ্যমন্ত্রী বলেন, 'বিএনপি দুটি ষড়যন্ত্র নিয়ে এগুচ্ছে। একটি হচ্ছে জননেত্রী শেখ হাসিনাকে 'এলিমিনেট' করা, আরেকটি হচ্ছে দেশে একটি অস্বাভাবিক অস্থিতিশীল পরিস্থিতি তৈরি করে দেশটাকে অপশক্তির হাতে তুলে দেওয়া। কিন্তু বাংলাদেশের জনগণ সেটি হতে দেবে না।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com



# চুয়াডাঙ্গায় ট্রাক্টরের ধাক্কায় শিশুর মৃত্যু

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা সদর উপজেলার উকতো গ্রামে বালুভর্তি ট্রাক্টরের ধাক্কায় লামিম হাসান নামের চার বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। রবিবার সকাল ৯টার দিকে এ দূর্ঘটনা ঘটে। সে উকতো গ্রামের মাঝেরপাড়ার ইস্রাফিল হোসেনের ছেলে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহাব্বুর রহমান জানান, সকালে শিশুটি বাড়ির সামনে রাস্তার ওপর খেলা করছিলো। এ সময় বালুবোঝাই একটি ট্রাক্টরের ধাক্কায় সে গুরুতর আহত হয়। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। ওসি বলেন, ট্রাক্টরচালককে ধরতে পুলিশের অভিযান অব্যাহত আছে।

# কোটচাদপুরের রেজাউল পাঠান দামুড়হুদা থানায় আটক



**কোটচাদপুর প্রতিনিধি :** ২৪ বছরের সাজা প্রাপ্ত পলাতক আসামী কোটচাঁদপুরের রেজাউল ইসলামকে পাঠানকে আটক করেছে দামুড়হুদা থানা পুলিশ। রোববার সকালে কোটচাঁদপুর মডেল থানা পুলিশে কাছে হস্তান্তর করেন তারা।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনর্চাজ মোঃ সাইফুল ইসলাম বলেন, শনিবার রাতে থানার উপ-পরিদর্শক (এসআই) শঙ্কর চন্দ্র ও সালাহউদ্দিন সড়কে টহল দিচ্ছিল। এ সময় মটর সাইকেলে দেখতে পান তাকে। তারা তাকে গতিরোধ করে জিজ্ঞাসাবাদ করায় তার পরিচয় জানতে পারেন। খোঁজ পান তাঁর নামে থাকা মামলার। এ সময় হাতে হাতকড়া পরিয়ে রেজাউলকে থানায় আনা হয়। খবর পেয়ে রবিবার সকালে কোটচাঁদপুর মডেল থানা পুলিশ তাকে হেফাজতে নেন। পরে তাকে থানার একটি ওয়ারেন্টের মামলায় আদালতে সোপর্দ করেন। কোটচাঁদপুর মডেল থানার ডিউটি অফিসার উপপরিদর্শক (এসআই) গৌরাঙ্গ হরি বলেন, আমাদের থানার ওয়ারেন্ট ভূক্ত আসামি রেজাউল ইসলাম (পাঠান) দামুড়হুদা থাকতেন। আমরা খোঁজ দেয়ার পর দামুড়হুদা থানা পুলিশ তাকে আটক করেন। পরে আমরা হেফাজতে নিয়ে আদালত পাঠিয়ে দিয়েছি। উল্লেখ্য, কোটচাদপুর পৌর এলাকার আদর্শপাড়ার মৃত মোমিন পাঠানের ছেলে সাবেক কাউন্সিলর, সাবেক পৌর যুবলীগের সাংগঠনিক সম্পাদক ও কথিত সোর্স রেজাউল ইসলাম পাঠান কোটচাদপুর মডেল থানায় অস্ত্র আইনে মামলায় ঝিনাইদহ আদালতের রায়ের ২৪ বছরের সাজা প্রাপ্ত আসামি। রায়ের পার থেকে পলাতক জীবন যাপন করছিল।



# গাংনীতে প্রচন্ড গরমে হাতপাখার কদর বেড়েছে

**গাংনী প্রতিনিধি:** গেল কয়েকদিন ধরে অসহনীয় গরম আর ঘন ঘন লোডশেডিংয়ে বেড়েছে হাতপাখার কদর। বৈদ্যুতিক পাখার যুগে অনেকটা হারিয়েই যেতে বসেছে হাতপাখা। তবে লোডশেডিংয়ের ভয়াবহতা, তীব্র ও চার্জার ফ্যান সংকট থাকায় গরমে মানুষের ঘর ও ব্যবসা প্রতিষ্ঠানে শোভা পাচ্ছে হাতপাখা। গেল কয়েকদিন ধরে টানা গরমে বিপর্যস্ত জনজীবন। হাঁস-ফাঁস অবস্থা খেটে খাওয়া মানুষদের। লোডশেডিংয়ে সাধারণ মানুষের ভরসা হাতপাখা। ভ্রাম্যমাণ হাতপাখা বিক্রেতা নফেল উদ্দীন বলেন, গরম শুরু হওয়ার সঙ্গে সঙ্গে হাতপাখার চাহিদা শুরু হয়। তবে গরম বেশি ও ঘন ঘন লোডশেডিংয়ের কারণে গেল কয়েকদিন ধরে শহর কিংবা গ্রামে বেশ হাতপাখার কদর বেড়েছে। আকার ও মানভেদে বাঁশের তৈরি এসব পাখা ৪০ টাকা থেকে ৫০ টাকা প্রতি পিচ বিক্রি হচ্ছে। বাইরে থেকে এসব বাঁশের তৈরি পাখা কিনে এনেছেন ব্যবসায়ি গালোম মাস্তেফা । তিনি ঘুরে ঘুরে গাংনী উপজেলা শহরের অলিগলিতে বিক্রি করছেন এসব পাখা। প্রতিদিন ৩৫ থেকে ৪০টি পাখা বিক্রি হচ্ছে। এদিকে চাহিদার পাশাপাশি বিভিন্ন প্লাস্টিকের তৈরি হাত পাখার দাম প্রকার ভেদে ১০০ টাকা। আগে যেখানে বাঁশের হাতল দিয়ে তৈরি প্রতি পিচ হাতপাখার দাম পড়তো ৯ থেকে ১০ টাকা। এখন সেই হাতপাখা পাইকারি প্রতি পিচ ১৫ থেকে ১৬ টাকায় কিনতে হচ্ছে। এসব ভ্রাম্যমাণ বিক্রেতারা আক্ষেপ করে বলেন, প্লাস্টিকের বানানো পাখা ও বিভিন্ন বাহারি ডিজাইনের রেডিমেট পাখা তাদের ব্যবসায় ধস নামিয়েছে। এ বছর গরমের শুরুতেও হাতপাখার চাহিদা এত ছিল না। হঠাৎ করে গরম বেশি পড়ায় এবং লোডশেডিংয়ের কারণে একটু বেচা-বিক্রি হচ্ছে। গাংনী বাজারে হাতপাখা ক্রয় করতে আসা রুমা খাতুন বলেন, গেল কয়েকদিন ধরে তীব্র গরম আর লোডশেডিং হচ্ছে। বাজারে চার্জার ফ্যানও পাওয়া যাচ্ছে না। তবে কয়েকটি দাকোনে পাওয়া গেলেও দাম বেশি। যে কারণে এখন গরম থেকে বাঁচতে বিকল্প ব্যবস্থা হচ্ছে হাতপাখা। তবে একটু বেশি সময়ে হাতপাখা নাড়াতে গেলে হাত ব্যথা হয়ে যায়। তারপরও কিছু করার নেই। তাই হাত পাখার বিকল্প কিছু নেই।

ঢাকা-১৭ উপনির্বাচন

# হিরো আলমসহ ৮ জনের মনোনয়ন বাতিল

ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দেওয়া আলোচিত অনলাইন কনটেন্ট ক্রিয়েটর হিরো আলম, জাতীয় পার্টির রওশন এরশাদ মনোনীত মামুনূর রশিদসহ আটজনের মনোনয়নপত্র বাতিল করা হয়েছে।ঢাকার আগারগাঁওয়ে নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউটে রোববার মনোনয়ন বাছাই শেষে সাংবাদিকদের এই তথ্য জানান রিটার্নিং কর্মকর্তা মো. মুনীর হোসাইন খান। তিনি বলেন, ১৫ জন মনোনয়ন জমা দিয়েছিলেন। এর মধ্যে বাছাইয়ে সাতজনের মনোনয়ন বৈধ হয়েছে। বাকি আটজনের মনোনয়নপত্র বাতিল হয়েছে। যাদের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়েছে তারা হলেন আওয়ামী লীগের প্রার্থী মোহাম্মদ আলী আরাফাত, জাতীয় পার্টির জিএম কাঁদেরপন্থি সিকদার আনিসুর রহমান, বাংলাদেশ কংগ্রেসের মো. রেজাউল ইসলাম স্বপন, গণতন্ত্রী পার্টির মো. কামরুল ইসলাম (চেয়ারম্যান মনোনীত), গণতন্ত্রী পার্টির অশোক কুমার ধর (মহাসচিব মনোনীত), বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোটের মো. আকতার হোসেন, তৃণমূল বিএনপির শেখ হাবিবুর রহমান। যাদের মনোনয়ন বাতিল হয়েছে, তারা হলেন জাকের পার্টির কাজী মো. রাশিদুল হাসান, জাতীয় পার্টির রওশন এরশাদপন্থি মো. মামুনূর রশিদ, বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্টের (বিএনএফ) মো. মজিবুর রহমান, এবং স্বতন্ত্র প্রার্থী শেখ আসাদুজ্জামান জালাল, মো. তারিকুল ইসলাম ভূএঁা, আবু আজম খান, আশরাফুল হোসেন আলম (হিরো আলম) এবং মুসাউর রহমান খান।

## হারিয়েছে

আমি মোঃ লিটন আহম্মেদ, পিতা-মোঃ নজরুল ইসলাম, মাতা-মোছা লাভনা বেগম, গ্রাম- মেদুয়ারকুটি, ইউনিয়ন-কুলাঘাট, থানা ও জেলা-লালমনিরহাট। আমার এসএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, প্রবেশ পত্র গত ১০/০৬/২০২৩ ইং তারিখে সকাল ১০টা ৩০ মিনিটে নিজ বাড়ি হইতে লালমনিরহাট শহরে আসার সময় আমার নিজের অজান্তে হারিয়ে যায়। যাহার রেজিষ্ট্রেশন নং- ১৮১৭৭৪৫৫৪৫, রোল নং-২২১১১৬( দিনাজপুর বোর্ড)। বিজ্ঞান বিভাগ, শিক্ষাবর্ষ-২০১৯-২০, পাশের সন-২০২১(চর কুলাঘাট উচ্চ বিদ?্যালয়)। এই মর্মে লালমনিরহাট সদর থানায় জিডি করা হয়। যাহার জিডি নং-৮৩৭, তারিখঃ ১৮/০৬/২০২৩ইং।



# ফিলিপাইনে মাঝ সমুদ্রে যাত্রী-বাহী ফেরিতে আগুন

**আন্তর্জাতিক ডেস্ক :** ফিলিপাইনের সমুদ্রে একটি ফেরিতে আগুন লাগার পর ১২০ যাত্রী ও ক্রু সদস্যকে উদ্ধার করা হয়েছে। এ ছাড়া আগুনও ইতোমধ্যে নেভানো হয়েছে। স্থানীয় সময় গতকাল রোববার ভোরে অগ্নিকাণ্ড ঘটে। দেশটির কোস্ট গার্ড এ তথ্য জানিয়েছে। কোস্ট গার্ড জানায়, সিকুইজোর প্রদেশ থেকে ফিলিপাইনের মধ্যাঞ্চলীয় বোহোল প্রদেশে যাওয়ার সময় এমভি এস্পেরানজা স্টারে আগুন লাগে। ফেরিটি ৬৫ জন যাত্রী ও ৫৫ জন ক্রু সদস্য বহন করছিল। আগুন লাগার পর উদ্ধারকাজ ও আগুন নেভাতে সহায়তার জন্য দুটি জাহাজ মোতায়েন করা হয়। পাঁচ ঘণ্টারও বেশি সময় ধরে ফেরিটি জ্বলেছে। কোস্ট গার্ড প্রকাশিত ছবি ও ভিডিও দেখা যায়, ফেরির এক প্রান্তে দুটি ডেক থেকে আগুনের শিখা ও কালো ধোঁয়া বের হচ্ছে। কোস্ট গার্ডের কর্মীদের অন্য একটি জাহাজ থেকে জল কামান ব্যবহার করে আগুন নেভানোর চেষ্টা করতেও দেখা যায়। এ ছাড়া কাছাকাছি একটি মাছ ধরার নৌকা এবং আরেকটি জাহাজ ছিল। কোস্ট গার্ডের মুখপাত্র জয় গুমাতে এক বিবৃতিতে বলেন, যারা ফেরিতে ছিলেন তারা সবাই নিরাপদে আছেন। তবে তিনি বিস্তারিত কিছু জানাননি। জীবিতদের বোহল প্রদেশের বন্দর শহর তাগবিলারানে নেওয়া হয়েছে এবং এ ঘটনায় তদন্ত চলছে বলে জানিয়েছেন তিনি। ঘন ঘন ঝড়, খারাপভাবে রক্ষণাবেক্ষণ করা জাহাজ, অতিরিক্ত ভিড় এবং বিশেষ করে প্রত্যন্ত প্রদেশে নিরাপত্তা বিধির সঠিক প্রয়োগ না করার কারণে ফিলিপাইন দ্বীপপুঞ্জে সমুদ্র দুর্ঘটনা খুবই সাধারণ। এর আগে মার্চ মাসে দক্ষিণাঞ্চলীয় দ্বীপ প্রদেশ বাসিলান থেকে প্রায় ২৫০ জনকে বহনকারী একটি ফেরিতে আগুন লেগেছিল।

# যে দেশে বসবাস শুরু করলেই মিলবে কোটি টাকা

**আন্তর্জাতিক ডেস্ক :** অনেকেই ইউরোপের কোনো এক সুন্দর দেশে গিয়ে সুন্দর কোনো জায়গায় বসবাস করার স্বপ্ন দেখেন। কিন্তু খরচের ভয়ে বেশিরভাগ মানুষের স্বপ্নই অধরা রয়ে যায়। কিন্তু যদি এমন কোনো দেশ থাকে, যেখানে থাকার জন্য উল্টো আপনিই টাকা পাবেন! শুনতে অবিশ্বাস্য লাগলেও, ইউরোপেই এমনক এক দেশ রয়েছে, যেখানকার বাসিন্দা হওয়ার জন্য টাকা দিচ্ছে সে দেশের সরকার। হ্যাঁ, ইউরোপের অন্যতম সুন্দর ও সুখী দেশ আয়ারল্যান্ডের নির্দিষ্ট কিছু জায়গায় গিয়ে বসবাস করলে আপনাকে ৮৪ হাজার ইউরো দেবে দেশটির সরকা। বাংলাদেশি মুদ্রার হিসেবে যা দেড় কোটিরও বেশি টাকা। যুক্তরাষ্ট্রভিত্তিক সংবাদমাধ্যম সিএনএনের এক প্রতিবেদন থেকে জানা যায়, দেশটির কিছু নির্জন জায়গায় থাকার জন্য আর্থিক সাহায্য করবে আয়ারল্যান্ড সরকার। এরইমধ্যে নেট দুনিয়ায় ব্যাপক সাড়া ফেলেছে এ খবর। বাসিন্দা হওয়ার জন্য কেন টাকা দিচ্ছে আয়ারল্যান্ড? আসলে জনসংখ্যা বাড়াতে চায় দেশটির সরকার। তাই 'আওয়ার লিভিং আইল্যান্ডস' নীতির অংশ হিসেবে আয়ারল্যান্ডের বিক্ষিপ্তভাবে জনবসতিপূর্ণ বা নির্জন জায়গায় জনবসতি গড়ে তুলতেই এমন উদ্যোগ নেওয়া হয়েছে। আয়ারল্যান্ডের সরকারি ওয়েবসাইট অনুসারে, 'আওয়ার লিভিং আইল্যান্ডস' নীতির আওতায় রয়েছে ৩০টি দ্বীপ, যেগুলো দেশটির মূল ভূখণ্ডের সঙ্গে সংযুক্ত নয়। এসব দীপের সংস্কৃতি, ঐতিহ্য ধরে রাখার পাশাপাশি পরিবেশের সমৃদ্ধি ঘটাতে চাই আইরিশ কর্তৃপক্ষ। মানতে হবে যেসব শর্ত? নতুন বাসিন্দাদের প্রথমে ৩০টি দীপের মধ্য থেকে যেকোনো একটি দ্বীপে সম্পত্তি বাড়ি কিনতে হবে।

# হজে বাদশাহর অতিথি ১৩০০ ব্যক্তি

**আন্তর্জাতিক ডেস্ক :** প্রতিবারের মতো এবারও বিশ্বের বিভিন্ন দেশের রাজা-বাদশা, প্রধানমন্ত্রী, প্রেসিডেন্ট, বিভিন্ন সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় ব্যাক্তিরা সৌদি আরবের বাদশাহার আমন্ত্রণে হজ পালন করবেন।

এবার এই সংখ্যা নির্ধারিণ করা হয়েছে প্রায় ১৩০০। জানা যায়, পবিত্র দুই মসজিদের খাদেম বাদশাহ সালমানের আমন্ত্রণে চলতি বছর হজ পালন করবেন বিশ্বের ৯০ দেশের ১ হাজার ৩০০ ব্যক্তি। তার অতিথি হয়ে প্রতি বছর বিভিন্ন দেশের মানুষ হজ করে থাকেন। যার সমস্ত ব্যয়ভার বহন করে সৌদি সরকার।

খবর আরব নিউজের। সৌদি কর্তৃপক্ষ জানিয়েছে, মুসলিম বিশ্বের সঙ্গে সম্পর্ক উন্নয়নে যে প্রচেষ্টা রাজতন্ত্র করে থাকে, এটি তারই প্রতিফলন।

# ডেঙ্গু বিতর্কে পেরুর স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ

**আন্তর্জাতিক ডেস্ক :** পদত্যাগ করেছেন পেরুর স্বাস্থ্যমন্ত্রী রোজা গুতিয়ারেজ। ডেঙ্গু জ্বর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে ব্যর্থতার দায় স্বীকার করে পদত্যাগ করেন তিনি। সর্বশেষ সংবাদ অনুযায়ী পর্যন্ত এ রোগের কারণে দেশটিতে রেকর্ড ২৪৮ জন প্রাণ হারিয়েছে। সংক্রমণের পরিমাণ দাঁড়িয়েছে ১ লাখ ৪৬ হাজারের অধিক। খবর বিবিসি। সংকট মোকাবিলার চাপের মধ্যে দেশটির স্বাস্থ্যমন্ত্রী গুতিয়ারেজ পদত্যাগের সিদ্ধান্ত নেন। পেরুর গণমাধ্যম জানিয়েছে, এর আগে গুতিয়ারেজ দাবি করেছিলেন, ১৫ দিনের মধ্যে ভাইরাসটি নিয়ন্ত্রণ করা হবে। পেরুর সংসদ সদস্যরা গুতিয়ারেজকে পদ থেকে অপসারণের জন্য তাকে একটি আলোচনায় অংশ নিতে হাজির হতে ডাকা হয়েছিল। কিন্তু তিনি এর আগেই পদত্যাগ করলেন। টুইটারে এক পোস্টে পেরুর প্রেসিডেন্ট ডিনা বোলুয়ার্তে স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগপত্র গ্রহণের কথা জানিয়েছেন। একই সঙ্গে জনস্বাস্থ্যের উন্নতির জন্য দ্বিগুণ প্রচেষ্টার প্রতিশ্রুতি দিয়েছেন।

# সুদানের বিমান হামলায় শিশুসহ নিহত ১৭

**আন্তর্জাতিক ডেস্ক :** সুদানের রাজধানী খার্তুমে বিমান হামলায় ১৭ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে ৫ জন শিশু। গতকাল শনিবারের এই হামলায় খার্তুমের ঘনবসতিপূর্ণ ইয়ারমুক এলাকার ২৫টি বাড়িও ধ্বংস হয়ে গেছে। গতকাল রোববার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি। প্রতিবেদনে বলা হয়েছে, সুদানের সেনাবাহিনীর একজন শীর্ষ জেনারেল দেশটির আধা-সামরিক বাহিনী র‍্যাপিড সাপোর্ট ফোর্সের (আরএসএফ) বিরুদ্ধে হামলা বাড়ানোর হুমকি দেওয়ার একদিন পর বিমান হামলায় এই প্রাণহানির ঘটনা ঘটল। আরএসএফ জানিয়েছে, খার্তুমের মেয়ো, ইয়ারমুক এবং ম্যান্ডেলা এলাকায় বেসামরিক লোকদের লক্ষ্য করে সাম্প্রতিক এই হামলাটি চালানো হয়েছে। অবশ্য সেনাবাহিনী এ বিষয়ে কোনো মন্তব্য করেনি। গত ১৫ এপ্রিল খার্তুমে সুদানের সেনাবাহিনী এবং আরএসএফের মধ্যে লড়াই শুরু হয়। আর চলতি জুন মাসের প্রথম দিকে আরএসএফ খার্তুমের ইয়ারমুক এলাকার সম্পূর্ণ নিয়ন্ত্রণ নিজেদের হাতে নেওয়ার দাবি করে।



# দাবদাহে ভারতে মৃত বেড়ে ৫৪, হাসপাতালে ৪০০

**আন্তর্জাতিক ডেস্ক :** তীব্র দাবদাহে বিপর্যস্ত ভারতের উত্তরাঞ্চল। তিন দিনের ব্যবধানে গরমে দেশটির উত্তর প্রদেশের বাল্লিয়া জেলাতে ৫৪ জনের মৃত্যু হয়েছে। হাসপাতালে ভর্তি হয়েছে ৪০০ এর মতো বাসিন্দা। এই মৃত্যুর জন্য সরাসরি গরম অভিযুক্ত না করা হলেও চিকিৎসকরা এটিকে একটি অন্যতম কারণ হিসেবে বলছেন। গতকাল রোববার এই তথ্য জানিয়েছে ভারতীয় গণমাধ্যম এনডিটিভি। প্রতিবেদনে গণমাধ্যমটি জানিয়েছে, উত্তর প্রদেশের মধ্য দিয়ে প্রবাহিত হচ্ছে তীব্র তাপপ্রবাহ। প্রদেশটির বেশিরভাগ এলাকার তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াসের ওপরে। উত্তর প্রদেশের রাজধানী লখনৌ থেকে ৩০০ কিলোমিটার (২০০ মাইল) দক্ষিণ-পূর্বের বাল্লিয়া জেলায় এই মৃত্যুর ঘটনা ঘটেছে। হঠাৎ করে মৃত্যু ও রোগীর সংখ্যা বাড়ায় সতর্ক অবস্থানে রয়েছে হাসপাতালের কর্মীরা। হাসপাতালে ভর্তি হওয়া বেশিরভাগ রোগী জ্বর, শ্বাসকষ্ট ও অন্যান্য রোগে ভুগছেন। গত ১৫ জুন ২৩ জন, পরের দিন ১৬ জুন ২০ জন ও শনিবার ১১ জন মারা গেছে বলে জানিয়েছেন বাল্লিয়া জেলা হাসপাতালের ইনচার্জ এস কে যাদব। আজমগড় সার্কেলের অতিরিক্ত স্বাস্থ্য পরিচালক ডা. বি পি তিওয়ারি বলেন, 'মৃতদের কোনো রোগ শনাক্ত করা না গেলে লখনৌ থেকে টিম পাঠানো হবে। খুব গরম বা ঠাণ্ডায় শ্বাসকষ্টের রোগী, ডায়াবেটিস রোগী ও রক্তচাপের রোগীদের ঝুঁকি বেড়ে যায়।' এই চিকিৎসকের অনুমান, এসব কারণেই মৃত্যু হচ্ছে। প্রতিবেদনে এনডিটিভি জানিয়েছে, বাল্লিয়া জেলা হাসপাতালে রোগীদের উপচে ভিড় লক্ষ্য করা গেছে। অনেক রোগীই স্ট্রেচার পাচ্ছে না। রোগীদের সঙ্গে আসা অনেকেই তাদেরকে কাঁধে করে জরুরি বিভাগে নিয়ে যাচ্ছেন। স্টেচার না পাওয়ার বিষয়টি অস্বীকার করে অতিরিক্ত স্বাস্থ্য পরিচালক দাবি করেছেন, একই সময়ে ১০ রোগী এলে অসুবিধা হবেই। তবে, আমাদের যথেষ্ট



স্ট্রেচার আছে। উত্তর প্রদেশের স্বাস্থ্যমন্ত্রী ব্রজেশ পাঠক বলেন, 'সরকার বাল্লিয়ার ঘটনাটি গুরুত্ব সহকারে দেখছে। আমি ব্যক্তিগতভাবে সেখানকার পরিস্থিতি পর্যবেক্ষণ করছি। দুজন জ্যৈষ্ঠ চিকিৎসককে সেখানে পাঠানো হয়েছে। তারা সেখানকার পরিস্থিতি নিয়ে খুব দ্রুত প্রতিবেদন দেবেন।

## বিনোদন

# বাবাদের নিয়ে তারকাদের অনুভূতি

**বিনোদন ডেস্ক :** বাবা- দ্য আনসাং হিরো। প্রত্যেকটা মানুষের জীবনে বাবা থাকেন মজবুত খুঁটি হয়ে, পরম আশ্রয় হয়ে। অনেকটা শক্তির পেছনে রক্তের প্রবাহের মতো। তাই বাবাদের গল্প, ত্যাগ আর ভালোবাসাগুলো বরাবরই থাকে আড়ালে। সেই আড়ালের খোলস কিছুটা উন্মোচিত হয় জুন মাসের তৃতীয় রবিবারে; কারণ এ দিন বিশ্বজুড়ে পালিত হয় বাবা দিবস। গতকাল রোববার বাবা দিবসে বাবার সঙ্গে তারকাদের সম্পর্কের গতিবিধি জানার চেষ্টা করেছে।



**চিত্রনায়ক সিয়াম:** চিত্রনায়ক সিয়াম আহমেদের গল্প সিয়ামের বাবার নাম অ্যাডভোকেট নাসির উদ্দিন আহমেদ। তিনি একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত আছেন। বাবার সঙ্গে তার সম্পর্ক কেমন? অধিকাংশ ছেলের মতো তার সঙ্গে কি বাবার দূরত্ব আছে? সিয়ামের জবাব, 'কোনো দূরত্ব নেই। আমার মনে হয়, বাবা আমার সবচেয়ে বড় সমালোচক, একই সঙ্গে আমার শুভাকাঙ্ক্ষী এবং আমার সিনিয়র বন্ধু।' সিয়াম নিজেও বাবা হয়েছেন। গেলো বছরের এপ্রিলে তার ঘর আলো করে জন্ম নেয় পুত্র জোরাইজ আহমেদ জায়ান। বাবা হওয়ার পর নিজের বাবার প্রতি ভাবনায় কেমন পরিবর্তন এসেছে, সে বিষয়ে সিয়ামের ভাষ্য, 'আমি এখন বুঝি, বাবারা সারাদিন একটা ছটফটানির মধ্যে থাকে, কখন বাসায় ফিরবে। যেমন ছোটবেলায় শুক্রবার হলেই আমি বাইরে যেতে চাইতাম। কিন্তু বাবা চাইতেন বাসায় থাকতে। আমি জেদ করতাম যে, শুক্রবার, বাইরে বের হবো না কেন? কিন্তু এখন বুঝি যে, ওই একটা দিন বাসায় থাকার মর্মটা কী। সবাইকে নিয়ে যদি সময়টা কাটানো যায়। কারণ ছুটি তো সপ্তাহে মাত্র একদিন।' অবশ্য সাপ্তাহিক ছুটির স্বাদটুকুও সেভাবে জোটে না সিয়ামের। কারণ শুটিং-ডাবিং, বৈঠক কিংবা পেশাদারিত্বের খাতিরে অধিকাংশ সময় বাইরে থাকতে হয়। তাই যখন ঘরে ফেরেন, তখন ছেলে জায়ান যেমন ঘুমে থাকে, বাবা নাসির উদ্দিন আহমেদও ঘুমে বিভোর। বাবার সঙ্গে অদ্ভুত সুন্দর সব স্মৃতি-গল্প জড়িয়ে আছে বলে জানালেন সিয়াম। সিয়াম মনে করেন, বাবা-মাকে কিছু বলার থাকলে কোনো মাধ্যম ব্যবহার করে নয়, সরাসরি বলাই শ্রেয়। এ নিয়ে সিয়ামের মন্তব্য, 'যতদিন তারা বেঁচে আছেন, যতদিন আমরা বেঁচে আছি, কথাগুলো সরাসরি হওয়াই ভালো। সেই কথাগুলো বলার জন্য কোনো মাধ্যমের প্রয়োজন নেই। অন্য সন্তানদের প্রতিও আমার এই আহ্বান রইলো।'



# নাটকে নিষিদ্ধ হলেন জেবা

**বিনোদন ডেস্ক :** ছোটপর্দার নবাগত অভিনেত্রী জেবা জান্নাত নিয়মিত নাটকে অভিনয় করছেন। অসহযোগিতা ও অসদাচরণের কারণ দেখিয়ে এই অভিনেত্রীর ওপর নিষেধাজ্ঞা জারি করেছে টেলিভিশন নাটক নির্মাতাদের সংগঠন ডিরেক্টরস গিল্ড। সংগঠনটির এক বিবৃতির মাধ্যমে এ তথ্য জানানো হয়। ওই বিবৃতিতে বলা হয়েছে, পেশাগত কাজের ক্ষেত্রে আপনার (জেবা জান্নাত) অসহযোগিতা ও অসদাচরণের জন্য আপনার বিরুদ্ধে আনীত আমাদের সম্মানিত সদস্য রাশেদা আক্তার লাজুকের অভিযোগের প্রেক্ষিতে অভিযোগটি নিষ্পত্তিতে কোনোরূপ সহযোগিতা না করায় ডিরেক্টরস গিল্ড বাংলাদেশের সব সদস্য অভিনয়শিল্পী হিসেবে আপনাকে টেলিভিশন ও ডিজিটাল মাধ্যমের সকল প্রকার নির্মাণ থেকে বিরত থাকবে। বিবৃতিতে আরও উল্লেখ করা হয়, এই সিদ্ধান্ত আগামী ২০ জুন ২০২৩ থেকে কার্যকর বলে গণ্য হবে। জানা গেছে, সোশ্যাল মিডিয়ায় টিকটকের মাধ্যমে নেটিজেনদের নজর কাড়েন জেবা। জয়নাল হাজারীর লাইভ শো অনুষ্ঠানে প্রথমবার দেখা যায় এই অভিনেত্রীকে।

# বিনোদিনী সাজে মধুমিতা

**বিনোদন ডেস্ক :** বোঝেনা সে বোঝেনা এটি সিনেমার গান হলেও সিরিরিয়ালে এই গানের সঙ্গে ঠোঁট মিলিয়ে ব্যাপক জনপ্রিয়তা পান কলকাতার অভিনেত্রী মুধমিতা সরকার। এরপর থেকে তিনি বেশ কয়েকটি জনপ্রিয় সিরিয়ালে অভিনয় করেন। এবার নাম অভিনয় করলেন সিনেমায়। সিনেমায় নামার সঙ্গে সঙ্গে প্রথম লুকে বাজিমাত করলেন তিনি। 'চোখের বালি'র বিনোদিনীর কথা ভাবলেই যার মুখ চোখের সামনে ভেসে ওঠে, তিনি ঐশ্বরিয়া রাই বচ্চন। ঋতুপর্ণ ঘোষের ছবিতে তিনি এই চরিত্রে অভিনয় করেছিলেন। এরপর আরও একাধিক মাধ্যমে 'চোখের বালি' তৈরি হলেও ঐশ্বরিয়ার জায়গা কখনও নিতে পারেননি কেউ। আর এবার আরও এক অভিনেত্রী বিনোদিনীর সাজে ঝড় তুললেন অনুরাগীদের হৃদয়ে। তিনি মধুমিতা সরকার। সিরিয়াল থেকে উঠে এসে যে ক'জন অভিনেত্রী বর্তমানে টলিউডে অভিনয় করছেন, মধুমিতা তাদের মধ্যে অন্যতম। মিমি চক্রবর্তী, সোহিনী সরকারের মতো সিনেমা মধুমিতার ফিল্মোগ্রাফিতে না থাকলেও, সোশ্যাল মিডিয়ায় জনপ্রিয়তার দিক থেকে তিনি কোনো অংশে পিছিয়ে নেই। এবার সেই সোশ্যাল মিডিয়াতেই তিনি পোস্ট করলেন এমন তিনটি ছবি, যা দেখে একেবারে হতবাক নেটিজেনরা। দেখা যাচ্ছে, সাদা শাড়ি পরে একেবারে বিনোদিনীর সাজে কোথাও দাঁড়িয়ে, আবার কোথাও বসে রয়েছেন অভিনেত্রী।

এরপর থেকে টলিউডের অন্দরে একটাই প্রশ্ন ঘোরাফেরা করছে। তা হলো, মধুমিতা কি এবার বিনোদিনীর চরিত্রে অভিনয় করতে চলেছেন? তাকে নিয়ে কে বানাচ্ছেন চোখের বালি? যদিও এই নিয়ে রহস্য জিঁইয়ে রেখেছেন মধুমিতা।



# প্রেমিকাকে বিয়ে করলেন সানি দেওলের ছেলে

**বিনোদন ডেস্ক :** দীর্ঘ দিনের প্রেমিকাকে বিয়ে করলেন সানি দেওলের ছেলে বলিউড অভিনেতা করন দেওল। কনে জনপ্রিয় নির্মাতা বিমল রায়ের নাতনি দিশা আচার্য। গতকাল রোববার বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে। এ সময় দুই পরিবারের ঘনিষ্ঠজনেরা উপস্থিত ছিলেন। ইন্ডিয়া টিভি এ খবর প্রকাশ করেছে। বিয়ের ছবিও প্রকাশ্যে এসেছে। তাতে দেখা যায়, শেরওয়ানিতে সেজেছেন করন দেওল। অন্যদিকে লাল রঙের লেহেঙ্গায় সেজেছেন দিশা। গত শুক্রবার অনুষ্ঠিত হয় করন-দিশার সংগীত অনুষ্ঠান। এদিন উপস্থিত ছিলেন বলিউড অভিনেতা রণবীর সিং। এ অনুষ্ঠানে করন-দিশার সঙ্গে নাচতে দেখা যায় রণবীরকে। শুধু তাই নয়, ধর্মেন্দ্র, সানি, ববি দেওল পারফর্ম করে অতিথিদের নজর কাড়েন। এ সময়ের বেশ কটি অন্তর্জালে ছড়িয়ে পড়েছে। বলিউডের কিংবদন্তি অভিনেতা ধর্মেন্দ্র। বাবার পর বলিউডে ক্যারিয়ার গড়েন তার দুই ছেলে সানি ও ববি দেওল। এই পরিবারের পরবর্তী প্রজন্মও একই পথে হাঁটছেন। দাদা-বাবাদের দেখানো পথ ধরে সানি দেওলের ছেলে করন দেওলের রুপালি জগতে অভিষেক হয় 'পাল পাল দিল কে পাস' সিনেমার মাধ্যমে।

# হলিউডে আসন গাড়ছেন অভিনেত্রী আলিয়া ভাট

**বিনোদন ডেস্ক :** বলিউডে নিজের অভিনয় দক্ষতা দেখিয়ে এবার হলিউডে আসন গাড়তে চলেছেন অভিনেত্রী আলিয়া ভাট। 'হার্ট অব স্টোন' সিনেমার মাধ্যমে হলিউডে অভিষেক হতে যাচ্ছে আলিয়ার। আর শনিবার রাতে সিনেমার প্রথম ট্রেলার মুক্তির পর মিষ্টি মেয়ে আলিয়াকে এক ঝলক দেখেই ভক্তরা তার প্রশংসায় ভাসছেন। ৪৩ সেকেন্ডের টানটান অ্যাকশনধর্মী এই ট্রেলার দেখে অনেকটা 'মিশন ইম্পসিবল'-এর কথা মনে পড়ছে অনেকের। টাইমস অব ইন্ডিয়া এবং হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, গতকাল রোববার মুক্তি পেয়েছে আলিয়া ভাটের প্রথম হলিউড সিনেমা 'হার্ট অব স্টোন' এর ট্রেলার। জানা যায় ভারতীয় সিনে দুনিয়ায় এই সিনেমাকে ঘিরে উন্মাদনা তৈরি হয়েছে আলিয়ার জন্যই। এর আগে একটি সাক্ষাৎকারে এই ছবিতে অভিনয়ের প্রসঙ্গে আলিয়া বলেছিলেন, 'হলিউডে আমার প্রথম কাজ। ইংরেজি ছবি করার অভিজ্ঞতা। তার উপর আমি অন্তঃসত্ত্বা। চ্যালেঞ্জটা সেখানেই ছিল। কারণ, 'হার্ট অব স্টোন' অ্যাকশন ফিল্ম। দৌড়ঝাঁপ করতে হয়েছে। তবে ইউনিটের সবাই সব কিছু এত সহজ করে দিয়েছিলেন বলেই সম্ভব হয়েছে। নির্বিঘ্নে, আরামে কাজ শেষ করেছি। যে আতিথেয়তা ও যত্ন পেয়েছি, আমি কখনও ভুলব না।' ছবিতে সিআইএ এজেন্টের চরিত্রে দেখা যাবে অভিনেতা গেল গ্যাডটকে। তিনি বলেছেন, 'হার্ট অফ স্টোন দুর্দান্ত হতে চলেছে। একেবারে অ্যাকশন থ্রিলারে মোড়া এই ছবি। এমনভাবে এই ছবি তৈরি করা হয়েছে, যাতে দর্শকরা বাস্তবের সঙ্গে মিল খুঁজে পান।'

